দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৮ সেপ্টেম্বর ২০২৬ ॥ ২৫ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ২৫ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৯৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আর এসব কিছু এ জন্যে যে, তোমরা যা লাভ করেছিলে তা অন্য কেউ কেন প্রাপ্ত হবে, কিংবা তোমাদের পালনকর্তার সামনে তোমাদের উপর তারা কেন প্রবল হয়ে যাবে! বলে দিন, মর্যাদা আল্লাহরই হাতে; তিনি যাকে ইচ্ছা দান করেন এবং আল্লাহ প্রাচুর্যময় ও সর্বজ্ঞ।

সূরা আল ইমরান ৭৩

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

অটোরিকশা নিয়ন্ত্রণে ব্যাটারিতে বসবে ডিজিটাল ট্র্যাকিং ও কিউআর কোড

কীর্তনখোলা ডেস্ক

ব্যাটারিচালিত অটোরিকশা পুরোপুরি বন্ধ না করে নিবন্ধিত ও শৃঙ্খলিত ব্যবস্থার আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে ২ এর পাতায় দেখুন

কোরআনের আইনের বিরুদ্ধে হাত দেওয়ার পরিণতি ভালো হবে না: গোলাম পরওয়ার

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, সংখ্যাগরিষ্ঠতার দম্ভে সংসদে ২ এর পাতায় দেখুন

ডিসেম্বরের হাইপ আর ন্যারেটিভ সেপ্টেম্বরেই শেষ: আসিফ মাহমুদ

কীর্তনখোলা ডেস্ক

দেশে ফেরা নিয়ে ভারতীয় এক পত্রিকাকে সাক্ষাৎকার দিয়েছেন মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি শেখ হাসিনা। তবে, দেশে ২ এর পাতায় দেখুন

শেখ হাসিনার আর আপিলের সুযোগ নেই : চিফ প্রসিকিউটর

কীর্তনখোলা ডেস্ক

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে নির্ধারিত ৩০ দিনের মধ্যে আপিল না করলে আর সুযোগ থাকে ২ এর পাতায় দেখুন

বান্ধবীকে বিয়ের আশায়

নারী থেকে পুরুষ হওয়ার চেষ্টা অপারেশনের পর যুবতীর মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

নারী থেকে পুরুষ হওয়ার স্বপ্নে অপর এক যুবতীকে সঙ্গে নিয়ে প্রথম ধাপ স্তন অপারেশন করেছিলেন রোজি আক্তার লিজা (৩১) নামের এক যুবতী। অপারেশনের কয়েক ঘণ্টা পরে তার (লিজা) মৃত্যু হয়েছে বলে জানিয়েছে তার পরিবার। মৃত লিজা বরিশালের গৌরনদী উপজেলার মাহিলাড়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা আব্দুর রব হাওলাদারের (রব রাজ) মেয়ে। ঢাকার পান্থপথ গ্রীণ রোডের 'ইউনিহেলথ স্পেশালাইজড হাসপাতালে' গত ৫ সেপ্টেম্বর বিকেলে অপারেশনের পর রোববার (৬ সেপ্টেম্বর) ভোর সাড়ে চারটার দিকে লিজার মৃত্যু হয়েছে। ওইদিন বিকেলে পরিবারের সদস্যরা মরদেহ নিয়ে আসলে এলাকায় ব্যাপক তোলপাড় শুরু হয়। পরবর্তীতে তড়িঘড়ি করে সন্ধ্যার মধ্যেই লিজাকে দাফন করা হয়েছে। সরেজমিনে এলাকাবাসী ও মৃতের পারিবারিক সূত্রে জানা গেছে, রোজি আক্তার লিজা মেয়ে হলেও ছেলেদের মতো আচরণ করতো। ছেলেদের মতো চুল কাটাতো। তার (লিজা) বাড়িতে ঢাকার যাত্রাবাড়ী এলাকার বাসিন্দা জেমিনি ওরফে জেনিফা আক্তার নামের এক যুবতীর আনাগোনা ছিল। ওই যুবতীকে সে (লিজা) স্ত্রী হিসেবে মনে করতো। এমনকি ওই যুবতীও লিজাকে তার স্বামী হিসেবে দেখাশোনা করতো। সূত্রমতে, প্রায় তিনবছর আগে একই সম্পর্কে লিজা তার আপন ভাইয়ের স্ত্রীকে নিয়ে অজানার উদ্দেশ্যে পাড়ি জমিয়েছিলো। পরবর্তীতে তারা আবারও বাড়িতে ফিরে আসে। এরপর জেনিফার সঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যমে লিজার পরিচয় হয়। এরপর থেকে জেনিফা প্রায়ই লিজাদের বাড়িতে এসে মাসের পর মাস একসঙ্গে বসবাস করতো। বিষয়টি লিজার বাবা ও মা জানলেও জেনিফা কৌশলে তাদের আপন করে নেয়ায় তারা মুখ বুঝে সব সহ্য করে ২ এর পাতায় দেখুন

প্রাথমিক শিক্ষকদের বদলি অনির্দিষ্টকালের জন্য বন্ধ

কীর্তনখোলা ডেস্ক

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে সরকার। নতুন করে প্রায় সাড়ে ১৪ হাজার সহকারী শিক্ষক নিয়োগ ও তাদের পদায়ন শেষ না হওয়া পর্যন্ত এ কার্যক্রম বন্ধ থাকবে। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে সোমবার (৭ সেপ্টেম্বর) সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা জানান প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। প্রতিমন্ত্রী বলেন, প্রায় সাড়ে ১৪ হাজার নতুন শিক্ষক নিয়োগের পর তাদের পদায়ন করা হবে। পদায়ন শেষ হলে আবার বদলি কার্যক্রম চালু করা হবে। তবে তখন বর্তমান নীতিমালায় বদলি হবে, নাকি নতুন কোনো পদ্ধতি চালু করা হবে, সে বিষয়ে পরে সিদ্ধান্ত নেওয়া হবে। তিনি বলেন, 'শিক্ষকদের বদলি অনির্দিষ্টকালের জন্য বন্ধ। কোনো টাইম দেওয়া হয়নি।' বদলি ২ এর পাতায় দেখুন



বরিশাল বিভাগের তিন জেলাসহ উপকূলে বাড়ছে ডেঙ্গুর প্রকোপ

কীর্তনখোলা রিপোর্ট

দুই মাস ধরে দেশে ডেঙ্গুর সংক্রমণ ঊর্ধ্বমুখী। রাজধানী ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর বাইরে এবার বিভিন্ন জেলাতেও ডেঙ্গু আক্রান্তের হার অনেক বেশি। এর মধ্যে খুলনা, পিরোজপুর, বরিশাল, বাগেরহাট, ঝালকাঠি, গাজীপুর, ময়মনসিংহ, কক্সবাজার ও নারায়ণগঞ্জ– এই ৯ জেলায় প্রায় ১৫ হাজার রোগী হাসপাতালে ভর্তি হয়েছে, যা মোট রোগীর এক-তৃতীয়াংশের বেশি। প্রকোপ দ্রুত বাড়তে থাকা জেলাগুলোর একটি বড় অংশ উপকূলীয় এলাকায়। ডেঙ্গুর এই ভৌগোলিক বিস্তার নতুন করে উদ্বেগ তৈরি করেছে। উপকূলীয় এলাকায় ডেঙ্গুর ঊর্ধ্বমুখী সংক্রমণের ২ এর পাতায় দেখুন

মেঘনায় কোস্ট গার্ডের অভিযানে ড্রেজার ও বলগেটসহ আটক ৩৮

ভোলা প্রতিনিধি

ভোলার মেঘনা নদীতে অবৈধভাবে বালু উত্তোলনের বিরুদ্ধে অভিযান চালিয়ে ৬টি ড্রেজার ও ১টি বলগেট জাহাজ জব্দ করেছে কোস্ট গার্ড। একই সাথে বালু উত্তোলনের সাথে জড়িত ৩৮ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড এবং বয়স কম হওয়ায় ২ জনকে মুচলেকা দিয়ে ছেড়ে দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। সোমবার ভোলার মেঘনা নদী সীমানায় বাংলাদেশ কোস্ট গার্ড দক্ষিণ জোন এই বিশেষ অভিযান পরিচালনা করে। কোস্ট গার্ড সূত্রে জানা যায়, একদল অসাধু চক্র মেঘনা নদীর নির্দিষ্ট এলাকা থেকে অবৈধভাবে বালু উত্তোলন করছিল–এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ৬টি ড্রেজার ও ১টি বলগেটসহ মোট ৪০ জনকে আটক করা হয়। পরবর্তীতে উপস্থিত ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট জয়নাল আবেদিনের উপস্থিতিতে বিচার ৩ এর পাতায় দেখুন

ববি ছাত্রদল নেতাদের বিরুদ্ধে বাড়ি ভাঙচুর ও লুটের অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয় (ববি) সংলগ্ন একটি বাড়িতে হামলা, ভাঙচুর ও মালামাল লুটের অভিযোগ উঠেছে ক্যাম্পাস ছাত্রদলের নেতাকর্মীদের বিরুদ্ধে। এর আগে ওই বাড়িতে দুই নারী ও এক যুবকের অবস্থান নিয়ে সন্দেহের জেরে সেখানে গিয়ে দুই ছাত্রদল নেতাকে মারধরের অভিযোগ ওঠে স্থানীয় একটি পরিবারের সদস্যদের বিরুদ্ধে। পরে তাদের উদ্ধারে গিয়ে ক্যাম্পাস ছাত্রদল নেতাকর্মীদের সঙ্গে ওই পরিবারের সদস্যদের সংঘর্ষ হয়। এতে দুই ছাত্রদল নেতা ও একই পরিবারের চারজনসহ ছয়জন আহত হন। রোববার দিনগত রাত আনুমানিক ৩টার দিকে বিশ্ববিদ্যালয়-সংলগ্ন নির্মাণাধীন বিটাক ভবন এলাকার রহিমের বাড়িতে এ হামলা-পালটা হামলার ঘটনা ঘটে। আহতদের বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) ২ এর পাতায় দেখুন

নাম-বাবার নামে মিল

নিরপরাধ জলিলের ২০ দিনের কারাভোগ ওসিকে কোর্টে তলব

কুয়াকাটা প্রতিনিধি

পটুয়াখালীতে মামলার আসামি না হয়েও ২০ দিন কারাগারে ছিলেন মো. জলিল হাওলাদার নামের এক ব্যক্তি। মামলার প্রকৃত আসামি ও গ্রেফতার হওয়া জলিলের নাম ও বাবার নাম

একই হওয়ায় পরিচয় যাচাইয়ে ভুল করে তাকে গ্রেফতার করা হয়েছিল বলে জানিয়েছে পুলিশ। তবে তাদের মায়ের নাম ও গ্রামের নাম আলাদা। সোমবার পটুয়াখালী সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম আমলী আদালতের বিচারক আবু বকর সিদ্দিক ২ এর পাতায় দেখুন

বৃক্ষরোপণ শেষে নারী চালকের রিকশায় চড়লেন সিটি প্রশাসক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সদর উপজেলা পরিষদ কার্যালয় প্রাঙ্গণে গতকাল সোমবার বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৭ সেপ্টেম্বর) সকালে বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন এ কর্মসূচির উদ্বোধন করেন। বৃক্ষরোপণকালে তিনি পরিবেশের ভারসাম্য রক্ষা এবং সবুজ নগরী গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। এ সময় তিনি জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় বেশি বেশি গাছ লাগানোর আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোসা. ফরিদা সুলতানা, উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারী এবং সিটি করপোরেশনের বনায়ন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এ ছাড়া বরিশাল মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. সাজ্জাদ হোসেন, জেলা বিএনপির সদস্য মন্টু খানসহ বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের স্থানীয় নেতৃবৃন্দ কর্মসূচিতে অংশ নেন। এদিকে, বৃক্ষরোপণ কর্মসূচি শেষে নারী রিকশাচালক রাহেলা বেগমের রিকশায় চড়ে সদর উপজেলা পরিষদ এলাকা পরিদর্শন করেন বিসিসি প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন। এ সময় তার সঙ্গে ছিলেন ২ এর পাতায় দেখুন

সব ব্যাংকারের শিক্ষা সনদ পুনর্যাচাইয়ের কড়া নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

দেশের ব্যাংকিং খাতে শৃঙ্খলা ও করপোরেট সুশাসন ফেরাতে এবং মেধার মূল্যায়নে নতুন নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এখন থেকে কোনো ধরনের লিখিত ও মৌখিক পরীক্ষা ছাড়া বেসরকারি বা সরকারি ব্যাংকের কোনো প্রাথমিক (এন্ট্রি) পদে নিয়োগ দেওয়া যাবে না। একইসঙ্গে ব্যাংকে বর্তমানে কর্মরত সব পুরোনো কর্মকর্তা-কর্মচারীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড, বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট থেকে সত্যতা যাচাইয়ের নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ২০২৭ সালের ৩১ মার্চের মধ্যে এই যাচাই প্রক্রিয়া শতভাগ শেষ করতে হবে। সোমবার (৭ সেপ্টেম্বর) বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধান ও নীতি বিভাগ (বিআরপিডি) ২ এর পাতায় দেখুন

ফ্যামিলি কার্ড তৈরিতে ২৪২ কোটি টাকা খরচ রাষ্ট্রীয় অর্থের অপচয় : সারজিস

ঝালকাঠি প্রতিনিধি

'ফ্যামিলি কার্ড এখন আর আলোচনায় নেই। শুধু কার্ড তৈরির জন্যই ২৪২ কোটি টাকা খরচ করা হবে, এটি রাষ্ট্রীয় অর্থের অপচয়' বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় কমিটির মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম। সোমবার (৭ সেপ্টেম্বর) ঝালকাঠি শহরের একটি পার্টি সেন্টারে এনসিপির জেলা শাখার আয়োজনে সাংগঠনিক সমন্বয় সভা ও রাজনৈতিক কর্মশালায় বক্তব্য দেওয়ার সময় তিনি এ মন্তব্য করেন। সারজিস আলম বলেন, ফ্যামিলি কার্ড এখন আর আলোচনায় নেই। শুধু কার্ড তৈরির জন্যই ২৪২ কোটি টাকা খরচ করার কথা বলা হচ্ছে। এটি রাষ্ট্রীয় অর্থের অপচয়। পরবর্তীতে তারা বুঝতে পেরেছে, এই প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব নয়। এই অর্থ কোথা থেকে আসবে, সেটিও ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

র‍্যাবের হাতে আত্মগোপনে থাকা যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি আটক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর কাউনিয়া এলাকা থেকে ধর্ষণ মামলায় যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত পলাতক আসামী লোকমান হোসেন হাওলাদারকে আটক করেছে র‍্যাব-৮। দীর্ঘ ৯ বছর আত্মগোপনে থাকার পর ৬ সেপ্টেম্বর তাকে আটক করা হয়। র‍্যাব-৮ এর ২ এর পাতায় দেখুন

সড়কে সুড়ঙ্গ করে ড্রেজারের পাইপ দেয়ার অভিযোগ, ধসের শঙ্কা

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিনে ভোলা-চরফ্যাশন আঞ্চলিক মহাসড়কের নিচ দিয়ে ড্রেজারের পাইপ স্থাপনের অভিযোগ উঠেছে। মহাসড়কের এক পাশ থেকে অন্য পাশে পাইপ নিতে সড়কের নিচে সুড়ঙ্গ করায় এর একটি অংশ দেবে গেছে বলে স্থানীয়রা অভিযোগ করেছে। দ্রুত ওই সুড়ঙ্গ ভরাট করা না হলে সড়কের মাটি সরে গিয়ে মহাসড়কের বিভিন্ন অংশ ধসে পড়ার আশঙ্কা করছেন স্থানীয়রা। ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

মাদক চক্রে নারীদের সম্পৃক্ততা

সাম্প্রতিক সময়ে নিরাপত্তা বাহিনীর বিভিন্ন অভিযানে মাদক কারবার, চোরাচালান এবং বিপণনের মতো গুরুতর অপরাধের সঙ্গে নারীদের সম্পৃক্ত থাকার খবর পাওয়া গেছে, যা অত্যন্ত উদ্বেগের। একসময় মাদক কারবারে নারীদের উপস্থিতি চিন্তাই করা যেত না, সেখানে এখন মাদক সিন্ডিকেটের মূল হোতা, এমনকি নারীদের বিশাল নেটওয়ার্ক গড়ে তোলার অভিযোগও পাওয়া যাচ্ছে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, গাজীপুর জেলার মাদক কারবার নিয়ন্ত্রণ করছেন আটজন নারী। বরিশাল বিভাগে নারী কারবারি আগের চেয়ে বেড়েছে তিন গুণের বেশি। চট্টগ্রাম ও নারায়ণগঞ্জেও মাদক চক্রে জড়িয়ে পড়েছেন নারীরা। সারা দেশেই মাদকের বিস্তার নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে। শহর থেকে গ্রামাঞ্চল–সর্বত্র সহজেই মিলছে প্রাণঘাতী সব মাদক। বিশেষ করে তরুণ প্রজন্ম মাদকের দিকে ঝুঁকে পড়ছে। রাজধানীসহ অনেক শহরেই প্রকাশ্যেই চলছে মাদক বেচাকেনা। খবরে বলা হয়েছে, গাজীপুরের টঙ্গীতে হাজীর মাজার, ব্যাংক মাঠ, কেরানীরটেক, এরশাদনগরসহ সেখানকার বস্তিগুলো দেশের অন্যতম মাদকের হাট হয়ে উঠেছে। এসব এলাকায় বস্তির খুপরিতে প্রতিদিন বড় অঙ্কের মাদক বেচাকেনা হয়। জানা গেছে, এই বিশাল মাদক সাম্রাজ্যের নিয়ন্ত্রণ পাঁচ নারীর হাতে। এসব নারী প্রথমে গাঁজা দিয়ে কারবার শুরু করলেও এখন ফেনসিডিল, ইয়াবাসহ নানা ধরনের মাদক নিয়েই তাঁদের কারবার। প্রতিবেদনে বেশ কয়েকজনের নাম-পরিচয় তুলে ধরা হয়েছে। জানা গেছে, মাদক কারবার করে তাঁরা অঢেল সম্পদ বানিয়েছেন। তবে কোটি টাকার বিলাসবহুল বাড়ির মালিক হওয়ার পরও এখনো বস্তির আস্তানা ছাড়েননি। এসব নারী মাদক কারবারির বিরুদ্ধে অনেক মামলা রয়েছে। এমনকি গ্রেপ্তারও হয়েছেন বেশ কয়েকবার। সবচেয়ে হতাশার বিষয় হলো, আইনের ফাঁক গলে বেরিয়ে এসে আবারও একই কাজে জড়িয়ে পড়েন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয়ের তথ্য মতে, ২০২৪ সালে বরিশাল বিভাগে চিহ্নিত নারী মাদক কারবারি ছিলেন মাত্র ১৬ জন। তবে এক বছরের ব্যবধানে ২০২৫ সালে বরিশাল বিভাগে মাদক কারবারির সংখ্যা তিন গুণেরও বেশি বেড়ে দাঁড়িয়েছে ৫০। এর মধ্যে সবচেয়ে বেশি বরিশালে ৩৮ জন। শুধু গাজীপুর, বরিশালই নয়, খোঁজ নিলে দেখা যাবে, দেশের আরো অনেক জায়গায়ই এমন অবস্থা দাঁড়িয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বরিশাল জেলা কার্যালয়ের উপপরিচালক তানভীর হোসেন খান বলেন, 'এই নারী মাদক কারবারিরা বরিশালে চিহ্নিত। তাঁদের প্রত্যেকের বিরুদ্ধে অনেকগুলো মামলা রয়েছে।' পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির সম্প্রতি বলেছেন, মাদক ও ছিনতাইয়ের বিরুদ্ধে অভিযান চালিয়ে অনেক অপরাধীকে একাধিকবার আইনের আওতায় আনা হলেও বিভিন্ন সীমাবদ্ধতার কারণে তাদের দীর্ঘদিন আটক রাখা যায় না। দেখা যাচ্ছে, মাদকের হটস্পট এবং মাদকের মূল হোতা–কোনোটিই আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর অজানা নয়। বলা হচ্ছে, অভিযানও চালানো হচ্ছে। সংগত কারণে প্রশ্ন আসে, তাহলে সমাজে মাদকের এত বিস্তার হলো কী করে? সরকার বলছে, মাদক ও চাঁদাবাজির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি প্রয়োগ করা হবে। আমরাও মনে করি, সমাজ থেকে মাদক নির্মূল করতে হলে কঠোর পদক্ষেপ নিতে হবে। বিশেষ করে যেসব মাদক কারবারি চিহ্নিত, তাঁদের বিরুদ্ধে এমন ব্যবস্থা নিতে হবে, যেন তাঁরা পুনরায় এই কাজে না জড়াতে পারেন। এ ক্ষেত্রে প্রচলিত আইনের সংশোধন প্রয়োজন আছে কি না, সেটিও ভাবার দরকার আছে।

ববি ছাত্রদল নেতাদের বিরুদ্ধে

হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত ববি শিক্ষার্থীরা হলেন- ববি ছাত্রদলের দফতর সম্পাদক পিয়াস আহমেদ রিফাত ও যুগ্ম সাধারণ সম্পাদক আশরাফুল মোল্ল্যা। স্থানীয়দের মধ্যে আহত হয়েছেন- চরকাউয়া ইউনিয়নের সংরক্ষিত মহিলা সদস্য শিল্পী বেগম, তার স্বামী আবদুর রহিম, ছেলে আরমান ও জামাতা রিয়াজ। প্রত্যক্ষদর্শী ও ববি শিক্ষার্থীদের ভাষ্য, রোববার রাতে ছাত্রদলের তিন নেতা পিয়াস আহমেদ রিফাত, আশরাফুল মোল্ল্যা ও রায়হান বিশ্ববিদ্যালয়-সংলগ্ন এলাকায় হাঁটাহাঁটি করছিলেন। এসময় রহিমের বাড়ির একটি কক্ষে দুই নারী ও এক যুবককে প্রবেশ করতে দেখে বিষয়টি তাদের সন্দেহজনক মনে হয়। পরে তারা বাড়িতে গিয়ে বিষয়টি জানতে চান। একপর্যায়ে ছাত্রদল নেতাদের পূর্বপরিচিত রহিমের জামাতা রিয়াজ মোল্লা তাদের বাড়ির ভেতরে নিয়ে যান। আহত ছাত্রদল নেতাদের অভিযোগ, ওই ব্যক্তিদের সেখানে অবস্থানের বিষয়ে জানতে চাইলে অর্থের বিনিময়ে বিষয়টি মীমাংসার প্রস্তাব দেওয়া হয়। তারা তা প্রত্যাখ্যান করলে রহিমের জামাতা রিয়াজ ও ছেলে আরমান তাদের 'ডাকাত' বলে চিৎকার শুরু করেন। পরে দুই ছাত্রদল নেতাকে দড়ি দিয়ে বেঁধে একটি ঘরে আটকে মারধর করা হয় বলে অভিযোগ। এসময় সঙ্গে থাকা ছাত্রদল নেতা রায়হান ঘটনাস্থল থেকে বের হয়ে বিশ্ববিদ্যালয়ের অন্য নেতাকর্মীদের খবর দেন। পরে ক্যাম্পাস ছাত্রদলের বেশ কয়েকজন নেতাকর্মীসহ একদল শিক্ষার্থী ঘটনাস্থলে গিয়ে দুই নেতাকে উদ্ধার করেন। এসময় স্থানীয় পরিবারের সদস্যদের সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষ হয়। স্থানীয়দের অভিযোগ, শিক্ষার্থীরা পরিবারের চার সদস্যকে মারধরের পর বাড়িঘর ভাঙচুর করেন এবং বিভিন্ন মালামাল লুট করে নিয়ে যান। আহত ছাত্রদল নেতা আশরাফুল মোল্ল্যা বলেন, 'অসামাজিক কার্যকলাপের বিষয়ে জানতে চাইলে অর্থের বিনিময়ে বিষয়টি মীমাংসার প্রস্তাব দেওয়া হয়। আমরা তা প্রত্যাখ্যান করি। পরে আমাদের ডাকাত বলে বেঁধে মারধর করা হয়। পাল্টা হামলা ও ভাঙচুরের অভিযোগ মিথ্যা।' তবে বাড়ির মালিক আবদুর রহিম মিয়ার দাবি, বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী ডাকাতির উদ্দেশে তাদের বাড়িতে ঢুকেছিলেন। তারা বাইরে থেকে মেয়ে এনে ঘরে ঢুকিয়ে দেয়। আমাদের জিম্মি করে ডাকাতির চেষ্টা করেছিল। আমরা তাদের প্রতিহত করেছি। এ সময় দুই পক্ষের মধ্যে মারামারি হয়। তারা যাওয়ার সময় আমাদের বাড়িঘর তছনছ করেছে এবং মূল্যবান জিনিসপত্র নিয়ে গেছে।' তিনি আরও বলেন, 'আমার জামাই ও স্ত্রী হাসপাতালে ভর্তি। আমি ভয়ে বাড়ির বাইরে পালিয়ে আছি।' বরিশাল সদর উপজেলার কর্ণকাঠী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য জুয়েল হোসেন বলেন, 'ঘটনাটি আমার বাড়ির পাশেই। চিৎকার শুনে রাতে ঘুম থেকে উঠে মারামারির ঘটনা দেখি। বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষার্থী এসে বাড়িঘর লুটপাট করেছে।' বরিশাল বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইসমাইল হোসেন বলেন, 'মোবাইল ফোনে তথ্য পেয়ে আমাদের টহল টিম ঘটনাস্থলে পৌঁছায়। এখন পরিবেশ স্বাভাবিক রয়েছে। এ ঘটনায় এখনো কোনো পক্ষ মামলা করেনি। মামলা হলে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।'

নারী থেকে পুরুষ হওয়ার চেষ্টা

গেছেন। জেমিনি ওরফে জেনিফা আক্তার জানান, তারা একে অপরের বাসায় বেড়াতো। একসঙ্গে থাকতো। লিজা ঢাকায় হরমোনের চিকিৎসা করাতো। লিজার মা, বাবা ও বোন স্তন অপারেশনের জন্য দেড় লাখ টাকা দিয়েছেন। ওই টাকা দিয়ে গত ৩ সেপ্টেম্বর ঢাকার পান্থপথের ইউনিহেলথ স্পেশালাইড হাসপাতালে সরফরাজ নাম দিয়ে লিজাকে ভর্তি করা হয়। সেখানে অপারেশনের আগে সম্মতিপত্রে লিজার স্ত্রী হিসেবে তিনি (জেনিফা) স্বাক্ষর করেছেন। মেয়ে হয়ে আরেকজন মেয়ের স্ত্রী পরিচয়ে সম্মতিপত্রে স্বাক্ষরের বিষয়ে জেনিফা দাবি করেন, লিজার মা ও বাবার সম্মতি নিয়ে স্বাক্ষর করা হয়েছে। তবে মৃত রোজীর বাবা আব্দুর রব হাওলাদার বলেন, 'সে (জেনিফা) যে স্বাক্ষর করবে, তার স্বাক্ষরে যে অপারেশন হবে সে বিষয়ে আমি কিছুই জানি না। এমনকি লিজার নাম যে সরফরাজ রাখা হয়েছে তা আজই কেবল জেনেছি।' তিনি আরও বলেন, 'লিজা অপারেশন করে পুরুষ হয়ে জেনিফাকে বিয়ে করবে এমনটা ওর (লিজা) মায়ের কাছে শুনেছি।' আক্ষেপ করে আব্দুর রব বলেন, ঘরের যেকোনো বিষয়ে আমার কোনো পরামর্শ নেওয়া হয় না। ঘরের সব সদস্যরা আমাকে আলাদা চোখে দেখে। মৃত লিজার মা ফজিলা বেগম বলেন, 'আমার মেয়ে লিজা ছোট বেলা থেকেই কোনো ছেলেকে পছন্দ করতো না। তাকে জোর করে দুইবার বিয়ে দেওয়া হয়েছিলো। কোথাও সে (লিজা) সংসার করেনি। ছেলেদের সাথে সঙ্গ দেওয়া কিংবা ঘর সংসার করার কোন মনমানসিকতাই তার ছিল না।' তিনি আরও বলেন, 'দীর্ঘদিন থেকে জেনিফা আমাদের বাড়িতে এসে লিজার ঘনিষ্ঠ বান্ধবী হিসেবে বেড়াত। এই কারণে লিজার অপারেশনের দায়িত্ব আমরা জেনিফার ওপর ছেড়ে দিয়েছিলাম।' এ ধরনের কর্মকাণ্ড ইসলাম সমর্থন করে কিনা জানতে চাইলে তিনি বলেন, ইসলাম সমর্থন করে না জানি। তবে মোবাইলে এসব ঘটনা এখন শত শত দেখা যায়। অন্যদিকে ইউনিহেলথ স্পেশাইলজড হাসপাতাল থেকে দেওয়া মৃত্যু সনদে দেখা গেছে, গত ৩ সেপ্টেম্বর তাকে (লিজা) হাসপাতালে ভর্তি করা হয়। সনদপত্রে লিজার নাম সরফরাজ এবং পুরুষ হিসেবে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে জানতে মৃত্যু সনদপত্রে দেওয়া হাসপাতালের নাম্বারে যোগাযোগ করা হলে লিমন নামের এক ব্যক্তি নিজেকে এডমিন পরিচয় দেন। তার কাছে এ বিষয়ে জানতে চাইলে তিনি জিএম-এর সঙ্গে কথা বলার পরামর্শ দেন। পরবর্তীতে ইউনিহেলথ স্পেশাইলজড হাসপাতালের জিএম বিশ্বজিত বৈদ্যের কাছে সার্বিক বিষয়ে জানতে চাইলে তিনি কথা বলতে অপারগতা প্রকাশ করেন। এসময় তিনি যে চিকিৎসকের অধীনে ওই রোগী (লিজা) ভর্তি হয়েছেন, ওই চিকিৎসকের সঙ্গে যোগাযোগের পরামর্শ দেন। পরে সংশ্লিষ্ট চিকিৎসক ডা. মাহমুদুল হাসানকে ফোন করা হলে ব্যস্ততা দেখিয়ে 'পরে ফোন করব' বলে সংযোগ বিচ্ছিন্ন করে দেন। এরপর তাকে একাধিকবার চেষ্টা করেও তার বক্তব্য জানা সম্ভব হয়নি।

বরিশাল বিভাগের তিন জেলাসহ

সম্ভাব্য কয়েকটি কারণের কথা বলেছেন রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) সাবেক প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ডা. মুশতাক হোসেন। তিনি বলেন, 'উপকূলীয় লবণাক্ত এলাকায় মানুষ অনেক সময় বৃষ্টির পানি বড় পাত্রে জমিয়ে মাসের পর মাস ব্যবহার করে। ওই জমিয়ে রাখা পানিতে এডিস মশা বংশবিস্তার করতে পারে। গত বছর বরগুনায় যেসব কারণে সংক্রমণ বেশি হয়েছিল, এবার সেই একই কারণে পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট ও খুলনায় বাড়ছে কি না, তা মাঠপর্যায়ে তদন্ত করা দরকার।' সরকারের তথ্য অনুযায়ী, চলতি বছরের শুরু থেকে রোববার পর্যন্ত ৪২ হাজার ৫৯০ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে; মৃত্যু হয়েছে ১১৭ জনের। প্রথম পাঁচ মাসে সংক্রমণ তুলনামূলক কম থাকলেও জুন থেকে তা দ্রুত বাড়তে থাকে। জুনে ২ হাজার ৯০৭, জুলাইয়ে ৯ হাজার ২০৬ এবং আগস্টে ২০ হাজার ৫৩৬ জন রোগী ভর্তি হয়। সেপ্টেম্বরের প্রথম ছয় দিনেই ভর্তি হয়েছে আরও ৬ হাজার ৭৪৪ জন। মৃত্যুও জুন থেকে বাড়তে থাকে–জুনে ১৩, জুলাইয়ে ৩৬, আগস্টে ৪৩ এবং সেপ্টেম্বরের প্রথম ছয় দিনে ২০ জন। স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ তথ্য অনুযায়ী, ওই ৯ জেলার মধ্যে খুলনায় ৩ হাজার ৭৬২, ময়মনসিংহে ১ হাজার ৭১২, পিরোজপুরে ১ হাজার ৭০০, গাজীপুরে ১ হাজার ৪৮৫, ঝালকাঠিতে ১ হাজার ৪৫৩, বাগেরহাটে ১ হাজার ১৮৬, বরিশালে ১ হাজার ১৯৯, কক্সবাজারে ১ হাজার ৬৯ এবং নারায়ণগঞ্জে ১ হাজার ১৫ জন রোগী ভর্তি হয়েছে। এসব জেলার মধ্যে খুলনায় ১৮, ময়মনসিংহে ১১, বরিশালে ৮, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাটে ও গাজীপুর ১ জন করে ৪ জন মারা গেছে। চলতি বছরে ৪৯ জেলায় ডেঙ্গুতে মৃত্যুর কোনো তথ্য পাওয়া যায়নি। স্বাস্থ্যসেবা বিভাগ সূত্রে জানা যায়, ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় গত শনিবার রাতে স্বাস্থ্যমন্ত্রী ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক দেশের সব বিভাগীয় পরিচালক, হাসপাতালের পরিচালক-তত্ত্বাবধায়ক ও সিভিল সার্জনদের সঙ্গে বিশেষ সভা করেছেন। সভায় ডেঙ্গু রোগীদের চিকিৎসায় নিয়োজিত চিকিৎসক ও সহায়ক কর্মীদের নির্দেশনা দেওয়া হয়। জেলা হাসপাতালসহ সব হাসপাতালে ডেঙ্গু পরীক্ষার কিট ও প্রয়োজনীয় ফ্লুইড মজুত এবং প্রয়োজনে ডেঙ্গু কর্নারে শয্যা বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। চলতি বছরে রাজধানীর বাইরে সবচেয়ে বেশি ডেঙ্গু রোগী দেখা গেছে খুলনায়। বর্তমানে বিভাগে ৮৮৫ জন রোগী ভর্তি এবং ২১ জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছেন খুলনা বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ডা. শেখ মো. মোশাররফ হোসেন। তিনি বলেন, চলতি বছর খুলনা বিভাগে ডেঙ্গুর সংক্রমণ বাড়ার পেছনে বৃষ্টি, জলাবদ্ধতা ও অপরিকল্পিত নগরায়ণ বড় কারণ হয়ে দাঁড়িয়েছে; বিশেষ করে খুলনা নগরীর দুর্বল ড্রেনেজ ও পয়োনিষ্কাশন ব্যবস্থার কারণে বৃষ্টির পানি দ্রুত সরতে পারে না। অনেক ড্রেন আশপাশের জমি ও সড়কের তুলনায় উঁচু হওয়ায় পানি জমে জলাবদ্ধতা তৈরি হচ্ছে। এতে এডিস মশার লার্ভা ছড়িয়ে পড়ার সুযোগ তৈরি হচ্ছে। আবার বৃষ্টির মধ্যে লার্ভার প্রজননস্থল চিহ্নিত করে ধ্বংস করাও কঠিন হয়ে পড়ছে। বাগেরহাটে কিছুদিন আগে সংক্রমণ বেশি থাকলেও বর্তমানে তা নিয়ন্ত্রণে এসেছে। সাতক্ষীরাতেও পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। বর্তমানে খুলনা নগরীই বিভাগের প্রধান উদ্বেগের জায়গা। ডেঙ্গু রোগীর চাপ সামলাতে খুলনার হাসপাতালগুলো প্রস্তুত রয়েছে জানিয়ে ডা. মোশাররফ বলেন, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল ও খুলনা বিশেষায়িত হাসপাতালে ডেঙ্গু রোগীদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে এবং প্রয়োজন অনুযায়ী চিকিৎসক পদায়ন করা হচ্ছে। খুলনা মহানগরীর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালেও ডেঙ্গু রোগীদের চিকিৎসা দেওয়া হচ্ছে। হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. মো. রফিকুল ইসলাম গাজী জানান, ডেঙ্গুর জন্য আলাদা শয্যা বা ওয়ার্ড না থাকলেও মেডিসিনের পুরুষ ও নারী ওয়ার্ডেই রোগীদের চিকিৎসা দেওয়া হচ্ছে। বর্তমানে ৩৭ জন ডেঙ্গু রোগী ভর্তি আছে। রফিকুল ইসলাম আরও বলেন, 'গত বছরের তুলনায় এবার ডেঙ্গু রোগী বেড়েছে। রোগীদের জটিলতার ধরন মোটামুটি একই থাকলেও কিছু রোগীর ক্ষেত্রে ডায়রিয়ার উপসর্গ বেশি দেখা যাচ্ছে।' পিরোজপুরে বাড়ছে সংক্রমণ বরিশাল বিভাগেও ডেঙ্গুর সংক্রমণ এবার উল্লেখযোগ্যভাবে বেড়েছে। বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়ের তথ্য অনুযায়ী, এই বিভাগের মধ্যে সবচেয়ে বেশি রোগী পিরোজপুর জেলায়। সব উপজেলা থেকে কম-বেশি রোগী পাওয়া যাচ্ছে। বরিশাল বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ডা. মো. রেফায়েতুল হায়দার জানান, এ বছর বিভাগের মধ্যে পিরোজপুরে সংক্রমণ বেশি। পাশের খুলনা বিভাগের বাগেরহাটেও সংক্রমণ বেড়েছে। দুই জেলার মধ্যে যাতায়াতকারী শ্রমজীবী মানুষের মাধ্যমে সংক্রমণ ছড়িয়ে পড়বে বলে ধারণা করা হচ্ছে। ডা. রেফায়েতুল হায়দার বলেন, 'ডেঙ্গু মোকাবিলায় জেলা হাসপাতালগুলো প্রস্তুত রাখা হয়েছে। হাসপাতালে এনএস ১, আইজিএম ও আইজিজি পরীক্ষার কিট এবং পর্যাপ্ত ফ্লুইড রয়েছে। চিকিৎসক ও সহায়ক স্বাস্থ্যকর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে।' ডেঙ্গু রোগী বেশি এমন এলাকায় কমিউনিটি পর্যায়ে পরীক্ষার ব্যবস্থা করার পরামর্শ দিয়ে ডা. মুশতাক বলেন, 'হাসপাতাল থেকে রোগীদের ঠিকানা নিয়ে ওই এলাকায় গিয়ে ডেঙ্গু পরীক্ষার ব্যবস্থা করা দরকার। এতে আক্রান্ত ব্যক্তিকে শুরুতেই শনাক্ত এবং চিকিৎসার আওতায় আনা সম্ভব হবে।' তবে ডেঙ্গুর সংক্রমণ বৃদ্ধির সঙ্গে উপকূলীয় অঞ্চলের সরাসরি কোনো সম্পর্ক দেখছেন না কীটতত্ত্ববিদ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. কবিরুল বাশার। তাঁর মতে, দেশের বিভিন্ন এলাকায় ভিন্ন সময়ে পরিবেশ এডিস মশার প্রজননের অনুকূলে হয়ে উঠলে সেখানে সংক্রমণ বাড়তে পারে। ডেঙ্গুর সংক্রমণ বাড়ার কারণ অনুসন্ধানে সংশ্লিষ্ট এলাকায় মাঠপর্যায়ে দল পাঠানো হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) অধ্যাপক ডা. হালিমুর রশিদ। তিনি বলেন, 'সংশ্লিষ্ট এলাকায় স্বাস্থ্য বিভাগের দল পাঠানো হয়েছে। সেখান থেকে তথ্য পাওয়া যাবে, যা সংক্রমণ কেন বাড়ছে, তা বুঝতে সহায়তা করবে।'

প্রাথমিক শিক্ষকদের বদলি

পুনরায় চালু হলে এ বিষয়ে যেসব প্রশ্ন রয়েছে, সেগুলোর উত্তর দেওয়া হবে বলেও জানান তিনি। প্রাথমিক শিক্ষকদের বদলি ৮ সেপ্টেম্বর থেকে বন্ধ হওয়ার কথা ছিল জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, সিদ্ধান্তটি আগের দিন নেওয়া হলেও সরকারি কাগজপত্র চূড়ান্ত করতে কিছুটা সময় লাগছে। তবে সংবাদ সম্মেলনের পরই বদলি বন্ধের আদেশ চূড়ান্ত করার চেষ্টা করা হবে। শিক্ষকদের ন্যায্যতা থাকা সত্ত্বেও বদলি না হওয়ার অভিযোগ প্রসঙ্গে ববি হাজ্জাজ বলেন, ন্যায্য বদলি বলতে কোনটি বোঝানো হবে, সেটিই নির্ধারণ করা কঠিন। কারণ বর্তমান নীতিমালায় ন্যায্য বদলির বিষয়টি স্পষ্টভাবে সংজ্ঞায়িত করা হয়নি। তিনি বলেন, 'ন্যায্যতা থাকলে বদলি হচ্ছে না, এ জিনিসটাই মুশকিল। কারণ ন্যায্য বদলি কোনটা, সেটা ডিফাইন করা মুশকিল। এটা এখনো ডিফাইন করা হয়নি। নীতিমালায়ও দেওয়া হয়নি।' এদিকে, প্রাথমিক শিক্ষকদের বেতন কাঠামো নিয়ে নতুন নীতিমালা তৈরির কাজ চলছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এরই মধ্যে এ বিষয়ে কাজ শুরু করেছে। অধিদপ্তরের প্রস্তাব পাওয়ার পর মন্ত্রণালয় থেকে নীতিমালা প্রণয়ন করে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলেও জানান প্রতিমন্ত্রী।

শেখ হাসিনার আর আপিলের

না বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, আইন সবার জন্য সমান। পলাতক মাওলানা আবুল কালাম আজাদ হোক কিংবা মৃত্যুদণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, নির্ধারিত সময়সীমা পেরিয়ে গেলে আপিলের সুযোগ নেই। সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুরে নিজ কার্যালয়ের সংবাদ সম্মেলনকক্ষে আবুল কালাম আজাদের আপিল প্রসঙ্গে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। আমিনুল ইসলাম বলেন, মাওলানা আবুল কালাম আজাদকে মৃত্যুদণ্ড দিয়েছিলেন ট্রাইব্যুনাল। তিনি যেকোনো কারণেই হোক দীর্ঘদিন দেশে ছিলেন না। আপিলও করেননি। আমাদের আইনে ২১-এর ৩-এ পরিষ্কার বলা হয়েছে যে, রায় ঘোষণার ৩০ দিনের মধ্যে আপিল করতে হবে। যদি এর মধ্যে আপিল করা না যায়, তাহলে আর গ্রহণযোগ্য হবে না। সেটা যে কারো ক্ষেত্রেই হোক। পলাতক বা কারাগারে থাকলেও ৩০ দিনের মধ্যে আপিল ফাইল করতে হবে। অর্থাৎ সেটা হোক শেখ হাসিনার কিংবা মাওলানা আবুল কালাম আজাদ। চিফ প্রসিকিউটর বলেন, কিছুদিন আগে আপিল বিভাগে মাওলানা আবুল কালাম আজাদের মামলা নিয়ে শুনানি হয়। প্রসিকিউশনের পক্ষ থেকে আমি এসব আইন দেখিয়েছি। এছাড়া মাওলানা আবুল কালাম আজাদের আপিলটি এখনও গ্রহণই করেননি আপিল বিভাগ। সেক্ষেত্রে আপিল বিভাগের সামনে এখন কোনো পেন্ডিং প্রসিডিং নেই। আমার মনে হয় আবুল কালাম আজাদের আইনজীবীরাও আইনগত বিষয়টি সঠিকভাবে উপলব্ধি করতে সক্ষম হয়েছেন। এ কারণেই এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ তারা আর নেননি। সরকার যেকোনো সাজা স্থগিত করতে পারে উল্লেখ করে তিনি বলেন, রায় ঘোষণার ৩০ দিনের মধ্যে কেউ যদি আপিল না করেন, তাহলে অন্য কোনো ফোরামেও আর আইনগত প্রতিকার চাওয়ার উপায় থাকবে না। অতএব ট্রাইব্যুনালে হওয়া রায়ের পরিপ্রেক্ষিতে যদি ৩০ দিন অতিক্রান্ত হয়ে যায়, তাহলে সেটি বাস্তবায়ন করা ছাড়া আর কোনো বিকল্প আছে বলে আমার কাছে মনে হয় না। তবে যেকোনো সাজা স্থগিত করতে পারে সরকার। এটি সরকারের একটা ইনহেরেন্ট পাওয়ার তথা অন্তর্নিহিত বা সহজাত ক্ষমতা। তারা যে কারো ক্ষেত্রে এটি ব্যবহার করতে পারে আবার কারো ক্ষেত্রে নাও করতে পারে। এটা সরকারের ইচ্ছা।

ডিসেম্বরের হাইপ আর ন্যারেটিভ

ফেরার নির্দেশনা দিয়ে অন্যদের বিপদে ফেলতে চান না বলে জানিয়েছেন তিনি। এ প্রেক্ষাপটে ডিসেম্বরের হাইপ আর ন্যারেটিভ সেপ্টেম্বরেই শেষ বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। সোমবার (৭ সেপ্টেম্বর) নিজের ফেসবুক আইডিতে দেওয়া এক স্ট্যাটাসে আসিফ মাহমুদ এ মন্তব্য করেন। পোস্টে আসিফ মাহমুদ লেখেন, আপা নাকি ডিসেম্বরে লীগের পলাতকদের দেশে ফিরতে বলবে না। মূলত, তাদের বললেও কেউ আসতো না। তিনি আরও লেখেন, ৫ আগস্ট কীভাবে পরিবারের সবার পালানো নিশ্চিত করে বাকিদের ফেলে দিয়ে তিনি হেলিকপ্টারে চড়েছিলেন এটা কোনোমতে জান বাঁচিয়ে পালানো নিষিদ্ধ লীগের নেতাদের ভালোমতোই মনে আছে। ডিসেম্বরের হাইপ আর ন্যারেটিভ সেপ্টেম্বরেই শেষ! এর আগে, ভারতীয় সংবাদমাধ্যম দ্য ওয়ালকে দেওয়া এক সাক্ষাৎকারে তার দেশে ফেরার উদ্যোগের সঙ্গে যুক্ত ব্যক্তিদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন শেখ হাসিনা। তার দাবি, প্রত্যেকেরই জীবনের ঝুঁকি রয়েছে। তাই তিনি দেশে ফেরার নির্দেশনা দিয়ে কাউকে বিপদে ফেলতে চান না। দেশে ফেরার আগ্রহ রয়েছে বলে জানান ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী। তবে দেশে ফিরলে নিজের নিরাপত্তা নিয়ে আশঙ্কা রয়েছে তার। শেখ হাসিনার দাবি, দেশে ফিরলে বিমানবন্দরেও তাকে হত্যা করা হতে পারে। সাক্ষাৎকারে বাংলাদেশের নির্বাচনকে ভারতের সমর্থন এবং তারেক রহমানের দেশে ফেরার প্রসঙ্গে নয়াদিল্লির অবস্থান নিয়ে প্রশ্ন তোলেন শেখ হাসিনা। তার মতে, দুই প্রতিবেশী দেশের মধ্যে আঞ্চলিক বোঝাপড়া গড়ে তোলাই ভবিষ্যতের জন্য জরুরি। কোনো সামরিক জোটের পরিবর্তে আঞ্চলিক সহযোগিতা এবং পারস্পরিক স্বার্থের ভিত্তিতে সম্পর্ক গড়ে তোলার ওপর গুরুত্ব দেওয়া প্রয়োজন।

কোরআনের আইনের বিরুদ্ধে

কোরআন ও সুন্নাহবিরোধী আইন পাস করে সরকার চরম দুঃসাহস দেখিয়েছে। কোরআনের বিধানের বিরুদ্ধে হাত দেওয়ার পরিণাম শুভ হবে না এবং এর আগুনে সরকার নিজেই ছারখার হয়ে যেতে পারে। সোমবার (৭ সেপ্টেম্বর) রাজধানীর বায়তুল মোকাররমের উত্তর গেটে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, দীর্ঘদিন ধরে রাজনৈতিক অধিকার, গণভোট, নিত্যপণ্যের মূল্যবৃদ্ধি, বিদ্যুৎ সংকট ও সার সংকটের বিরুদ্ধে দেশজুড়ে আন্দোলন চলছে। কিন্তু(৬ সেপ্টেম্বর) সংসদে সংখ্যাগরিষ্ঠতার জোরে বিরোধী দলের তীব্র প্রতিবাদের মুখে শরিয়াহ পরিপন্থী 'সম্পত্তি হস্তান্তর বিল' পাস করা হয়েছে। হেবা ও ওসিয়ত সংক্রান্ত এসব বিধান সরাসরি আল্লাহর পক্ষ থেকে প্রাপ্ত। সরকারের মন্ত্রীরা এই বিধান লঙ্ঘন করে কোটি কোটি মুসলিমের ঈমানি অনুভূতির ওপর চরম আঘাত হেনেছেন। ইতিহাসের প্রসঙ্গ টেনে তিনি বলেন, ১৯৬১ সালে তৎকালীন সামরিক শাসক আইয়ুব খান এই পারিবারিক আইন বদলানোর চেষ্টা করেছিলেন কিন্তু সর্বস্তরের আলেম সমাজ ও মুসলমানদের আন্দোলনের মুখে তিনি তা পারেননি। এমনকি ১৯৩৭ সালে ব্রিটিশ আমলেও ঔপনিবেশিক সরকার মুসলিম জনগোষ্ঠীর বিশ্বাসের প্রতি শ্রদ্ধা রেখে মুসলিম পারিবারিক আইনে হাত দেওয়ার সাহস পায়নি। কিন্তু আজ এই সরকার সেই দুঃসাহস দেখিয়েছে। আইনমন্ত্রীর বক্তব্যের কড়া সমালোচনা করে জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, 'আইনমন্ত্রী বলেছেন ইসলামি আইন নাকি আধুনিক জগতে চলে না। ধিক্কার জানাই এমন বক্তব্যের! ইসলাম একটি কালজয়ী জীবনবিধান। এটি কিয়ামত পর্যন্ত মানবসভ্যতার একমাত্র ভারসাম্যপূর্ণ পথ নির্দেশক।'

অটোরিকশা নিয়ন্ত্রণে ব্যাটারিতে

সরকার। জাতীয় সংসদে উত্থাপিত এক নোটিশের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ জানান, অটোরিকশাচালকদের কর্মসংস্থান অক্ষুণ্ন রেখে ঢাকার সড়কে শৃঙ্খলা ফেরাতে দ্রুতই নতুন নীতিমালা ও বিধিমালা কার্যকর করা হচ্ছে। তিনি বলেন, এই নীতিমালার অধীনে প্রতিটি অটোরিকশার ব্যাটারিতে কিউআর কোড ও ডিজিটাল ট্র্যাকিং সিস্টেম যুক্ত করা হবে, যাতে একটি নম্বরের অধীনে অবৈধভাবে একাধিক রিকশা চালানোর সুযোগ না থাকে। একই সঙ্গে লেড-এসিড ব্যাটারি তুলে দিয়ে পরিবেশবান্ধব ব্যাটারি ব্যবহার এবং নির্দিষ্ট এলাকাভিত্তিক রিকশা চলাচলের ওপর কঠোর জোর দেওয়া হচ্ছে। সোমবার (৭ সেপ্টেম্বর) ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য রেহানা আক্তার রানু ৭১ বিধিতে মনোযোগ আকর্ষণ করলে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সংসদ অধিবেশনে সংরক্ষিত আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য রেহানা আক্তার রানু রাজধানীর ১৭টি সিগন্যালে চালু থাকা ৫০টি এআই নির্ভর ট্রাফিক ক্যামেরার সুফল ও অটোরিকশার কারণে তৈরি হওয়া সমস্যার কথা তুলে ধরে নোটিশ উত্থাপন করেন। তিনি বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক ট্রাফিক ক্যামেরা চালুর পর সড়কে লাল বাতি অমান্য করা, লাইন পরিবর্তন কিংবা অতিরিক্ত গতিতে গাড়ি চালানোর মতো অনিয়ম অনেকাংশেই কমে এসেছে। কিন্তু হতাশাজনক বিষয় হলো, ব্যাটারিচালিত অটোরিকশাগুলো কোনো নিয়ম-নীতির তোয়াক্কা না করে বেপরোয়া গতিতে চলছে। এসব যানের কোনো নম্বর প্লেট না থাকায় এআই ক্যামেরায় অনিয়ম শনাক্ত হলেও জরিমানা করা বা আইনি ব্যবস্থা নেওয়া সম্ভব হচ্ছে না। রেহানা আক্তার রানু বলেন, ঢাকা শহরে বিপুল সংখ্যক অটোরিকশা প্রধান সড়কগুলোতেও ঢুকে পড়ছে। সঠিক কাঠামোগত নকশা না থাকায় প্রায়ই এসব বাহন দুর্ঘটনার শিকার হচ্ছে। তবে কম ভাড়া ও সহজলভ্যতার কারণে এটি সাধারণ মানুষের কাছে জনপ্রিয় হয়ে উঠেছে। তাই অটোরিকশা পুরো বন্ধ না করে তাদের কাঠামোগত পরিবর্তন, নম্বর প্লেট সংযোজন, চালকদের ড্রাইভিং লাইসেন্স দেওয়া ও প্রশিক্ষণের আওতায় এনে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন তিনি।

সড়কে সুড়ঙ্গ করে ড্রেজারের পাইপ

সোমবার (৭ সেপ্টেম্বর) বোরহানউদ্দিন উপজেলার কুঞ্জেরহাটের দক্ষিণ পাশে দালাল বাজারসংলগ্ন এলাকায় সরেজমিনে গিয়ে দেখা যায়, পাশের একটি জমি ভরাটের জন্য ভোলা-চরফ্যাশন আঞ্চলিক মহাসড়কের নিচ দিয়ে ড্রেজারের পাইপ নেওয়া হয়েছে। সড়কের নিচে সুড়ঙ্গ করে পাইপটি স্থাপন করা হলেও ওপর থেকে তা সহজে বোঝার উপায় নেই। স্থানীয়দের অভিযোগ, এভাবে সড়কের নিচ দিয়ে পাইপ নেওয়ার কারণে মহাসড়কের ওপরের অংশ ইতোমধ্যে কিছুটা দেবে গেছে। সুড়ঙ্গটি দ্রুত যথাযথভাবে ভরাট করা না হলে বৃষ্টির পানি ঢুকে মাটি সরে যেতে পারে। এতে সড়কের অংশবিশেষ ধসে গিয়ে যান চলাচল ব্যাহত হওয়ার পাশাপাশি বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। জমির মালিক মামুন বলেন, জমি ভরাটের কাজ স্থানীয় সাফিজুল মাতাব্বর ও তার ছেলে আসাদুল মাতাব্বর করছেন। এ বিষয়ে তারাই ভালো বলতে পারবেন। তবে সাফিজুল মাতাব্বর মহাসড়কের নিচ দিয়ে ড্রেজারের পাইপ স্থাপনের বিষয়টি জানেন না বলে দাবি করেন। তিনি বলেন, আমার কোনো ড্রেজার নেই। এ বিষয়ে ভোলা সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী মাইদুল ইসলামের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে জানান। স্থানীয়দের দাবি, বড় ধরনের দুর্ঘটনা বা সড়ক ধসের ঘটনা ঘটার আগেই মহাসড়কের নিচে তৈরি করা সুড়ঙ্গটি দ্রুত শনাক্ত করে যথাযথভাবে ভরাট এবং দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক।

র‌্যাবের হাতে আত্মগোপনে থাকা

বরিশাল সদর দপ্তরের মিডিয়া অফিসার মোঃ শাহরিয়ার রিফাত অভি স্বাক্ষরীত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, বরিশাল নগরীর কাউনিয়া থানাধীন রামকাঠি এলাকার হাবিবুর রহমান হাওলাদারের ছেলে লোকমান হোসেন হাওলাদারের বিরুদ্ধে ২০১৭ সালে ঢাকা মহানগরীর সূত্রাপুর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি ধর্ষণ মামলা দায়ের হয়। আদালতে মামলাটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বিচারক আসামীকে যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করেন। আসামী দীর্ঘদিন আত্মগোপনে থাকায় আদালত তার বিরুদ্ধে একটি গ্রেফতারী পরোয়ানা জারি করেন। পরোয়ানাটি বরিশাল মহানগরীর কাউনিয়া থানায় জারি পাঠানো হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আসামীকে গ্রেফতারের জন্য র‌্যাব-৮ অধিনায়ক বরাবর একটি অধিযাচনপত্র প্রেরণ করেন। র‌্যাব গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এবং তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে আসামীর অবস্থান নিশ্চিতপূর্বক অভিযান পরিচালনা করে ৬ সেপ্টেম্বর দুপুরে তাকে গ্রেফতার করতে সক্ষম হয়। গ্রেফতারকৃত আসামীকে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বরিশাল কাউনিয়া থানায় হস্তান্তর করা হয়েছে।

ফ্যামিলি কার্ড তৈরিতে ২৪২ কোটি টাকা

বড় প্রশ্ন। অথচ নির্বাচনের আগে তারা মানুষকে লোভনীয় অফার দিয়ে প্রলুব্ধ করেছে। এনসিপির কর্মসূচি প্রসঙ্গে সারজিস আলম বলেন, আমরা লংমার্চ শুরু করেছি ঢাকা থেকে চট্টগ্রাম। তারা এটাকে বলছে লংড্রাইভ। অথচ বেগম খালেদা জিয়া কিন্তু এভাবেই লংমার্চ করেছিলেন। শেখ হাসিনার দেশে ফেরার প্রসঙ্গে তিনি বলেন, শেখ হাসিনার দেশে ফিরে আসার কোনো সম্ভাবনা নেই। তাকে ঠেকাতে কাউকে আলাদা করে কিছু করতে হবে না। জুলাই-আগস্টের আন্দোলনে আহত ও নিহত পরিবারের সদস্যরা বিমানবন্দরে গিয়ে দাঁড়ালেই যথেষ্ট। বিএনপির সমালোচনা করে সারজিস আলম বলেন, বিএনপি সরকারের ছয় মাস অতিবাহিত হয়েছে। এখন তারা বলছে, তারা শিশু। তাহলে আপনারা কবে তরুণ বা যুবক হবেন? বিএনপি সরকারে আসার পর এত সংকট তৈরি হয়েছে। এতটা সংকট আমরা অন্তর্বর্তীকালীন সরকারের সময়ও দেখিনি। অথচ সরকার পরিচালনার জন্য তাদের কোনো ব্যাকআপ বা প্রস্তুতি ছিল না। কর্মশালায় আরও উপস্থিত ছিলেন এনসিপির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার, সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ডা. মাহমুদা আলম মিতু, সাবেক সহকারী অ্যাটর্নি জেনারেল মুজাহিদুল ইসলাম শাহীন, মহিউদ্দিন রনি এবং ঝালকাঠি জেলা এনসিপির সদস্য সচিব জুবায়ের হাওলাদারসহ অন্যান্য নেতাকর্মীরা।

সব ব্যাংকারের শিক্ষা সনদ

এ-সংক্রান্ত 'বিআরপিডি সার্কুলার নং-১৮' জারি করেছে। কেন্দ্রীয় ব্যাংকের নতুন সার্কুলার অনুযায়ী, যেসব এন্ট্রি পদে পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন হয় না-যেমন ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসার, প্রবেশনাল অফিসার, সিনিয়র অফিসার, ট্রেইনি অ্যাসিস্ট্যান্ট অফিসার, জুনিয়ার অফিসার কিংবা ক্যাশ অফিসার-সেসব পদের নিয়োগে শতভাগ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। এখন থেকে শুধু ব্যাংকের নিজস্ব ওয়েবসাইট বা চাকরি খোঁজার প্ল্যাটফর্মে নোটিশ দিলেই চলবে না; দেশের অন্তত দুটি শীর্ষ জাতীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা বাধ্যতামূলক করা হয়েছে। নিয়োগ প্রক্রিয়ায় সশরীরে বা অনলাইন অ্যাসেসমেন্টের মাধ্যমে লিখিত বা নৈর্ব্যক্তিক পরীক্ষার পাশাপাশি অবশ্যই মৌখিক পরীক্ষা নিতে হবে। এসব পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে গঠিত মেধা তালিকার বাইরে কাউকে চাকরি দেওয়া যাবে না। অভিজ্ঞদের উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রেও ন্যূনতম মৌখিক পরীক্ষাসহ প্রতিযোগিতামূলক পদ্ধতি অনুসরণ করতে হবে। ব্যাংকে কর্মরত কর্মীদের জন্য নির্দেশনায় বলা হয়েছে, চাকরি চলাকালীন পদোন্নতি বা যেকোনো আর্থিক ও অ-আর্থিক সুযোগ-সুবিধা পাওয়ার উদ্দেশ্যে জমা দেওয়া নতুন কোনো শিক্ষাগত বা পেশাগত সনদ ইস্যুকারী প্রতিষ্ঠানের মাধ্যমে যাচাই করেই কেবল ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করা যাবে। পরামর্শক বা উপদেষ্টা ছাড়া অন্যান্য সব চুক্তিভিত্তিক পদে কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রেও সনদ যাচাই বাধ্যতামূলক। তবে এক ব্যাংক থেকে অন্য ব্যাংকের উচ্চতর পদে যোগ দেওয়ার ক্ষেত্রে পূর্ববর্তী ব্যাংক যদি ছাড়পত্রে (রিলিজ অর্ডার) সনদ যাচাইয়ের স্পষ্ট প্রত্যয়ন দেয়, তবে নতুন ব্যাংকে পুনরায় সনদ পাঠানোর প্রয়োজন হবে না। নিয়োগের সময় কিংবা চাকরি চলাকালীন কোনো কর্মকর্তার সনদ ভুয়া বা জাল প্রমাণিত হলে ব্যাংককে তাৎক্ষণিক কঠোর প্রশাসনিক পদক্ষেপ নিতে বলা হয়েছে। পাশাপাশি ওই ব্যক্তির তথ্য বাংলাদেশ ব্যাংকের 'সিএমএমএস' ডাটাবেজে অন্তর্ভুক্ত করতে হবে, যাতে তিনি ভবিষ্যতে অন্য কোনো ব্যাংকে যোগ দিতে না পারেন। আমানতকারীদের স্বার্থ সুরক্ষায় আগামী ২০২৭ সালের ৩১ মার্চের মধ্যে প্রতিটি ব্যাংককে নিজ নিজ পরিচালনা পর্ষদ থেকে অনুমোদিত একটি যুগোপযোগী ও সমন্বিত 'মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা' প্রণয়ন বা হালনাগাদ করতে হবে। এই নীতিমালায় কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, পারফরম্যান্স মূল্যায়ন (কেপিআই), জ্যেষ্ঠতা নির্ধারণ, রাজকীয় অবকাশ ও অবসর, আচরণবিধি, স্বার্থের সংঘাত নিরসন, হুইসেল ব্লোয়ার পলিসি, যৌন হয়রানি প্রতিরোধ এবং বৈষম্যহীন কর্মপরিবেশসহ সুনির্দিষ্ট ১৮টি বিষয় অন্তর্ভুক্ত রাখা বাধ্যতামূলক করা হয়েছে।

বৃক্ষরোপণ শেষে নারী চালকের

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোসা. ফরিদা সুলতানা। নারীর সাহস, আত্মনির্ভরতা ও মর্যাদার প্রতি সম্মান জানিয়ে বিসিসি প্রশাসকের নারী রিকশাচালক রাহেলা বেগমের রিকশায় চড়ে সদর উপজেলা পরিষদ এলাকা পরিদর্শনের বিষয়টি বেশ প্রশংসিত হয়। সংশ্লিষ্টরা বলেন, সমাজের সব ক্ষেত্রে নারীর অংশগ্রহণ ও ক্ষমতায়ন নিশ্চিত হলে টেকসই উন্নয়ন আরও বেগবান হবে।

নিরপরাধ জলিলের ২০ দিনের

জলিল হাওলাদারের জামিন মঞ্জুর করেন। একই সঙ্গে পরবর্তী শুনানির দিন সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ও মামলার বাদীকে আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন। মামলার নথি সূত্রে জানা যায়, ২ লাখ ৭৩ হাজার ৫১৩ টাকা পাওনা আদায়ের দাবিতে মো. জলিল হাওলাদারের বিরুদ্ধে ২০২৩ সালে পটুয়াখালী জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মামলা করেন ব্যবসায়ী মো. আলমগীর হোসেন। মামলার অভিযোগে বলা হয়, পাওনা পরিশোধের জন্য দেওয়া একটি চেক ২০২৩ সালের ২৭ মার্চ অপর্যাপ্ত তহবিলের কারণে ব্যাংক থেকে প্রত্যাখ্যাত হয়। এ মামলায় আদালতের জারি করা গ্রেপ্তারি পরোয়ানার ভিত্তিতে গত ১৯ আগস্ট মহিপুর থানা পুলিশ জলিল হাওলাদারকে গ্রেফতার করে। পরোয়ানায় থাকা আসামির সঙ্গে তার নাম ও বাবার নাম মিলে যাওয়ায় তাকে গ্রেফতার করা হয়। পরে আদালতের মাধ্যমে তাকে কারাগারে পাঠানো হয়। তবে পরে যাচাই করে জানা যায়, মামলার প্রকৃত আসামি ও গ্রেফতার হওয়া জলিল হাওলাদার একই ব্যক্তি নন। তাদের নাম ও বাবার নাম একই হলেও মায়ের নাম ও গ্রামের নাম আলাদা। ফলে পরিচয় যাচাইয়ের ভুলে মামলার সঙ্গে সম্পৃক্ত না থাকা এক ব্যক্তিকে ২০ দিন কারাভোগ করতে হয়েছে। জলিলের জামাতা জাহাঙ্গীর আলম জানান, তার শ্বশুর একজন সাধারণ জেলে। প্রকৃত আসামির সঙ্গে নাম ও বাবার নাম মিলে যাওয়ায় তাকে ভুলভাবে গ্রেফতার করা হয়েছে। মায়ের নাম ও গ্রামের নাম যাচাই করা হলে এ ভুল হতো না। পটুয়াখালী জজ কোর্টের সিনিয়র আইনজীবী ও সাবেক এপিপি মো. হুমায়ুন কবির বাদশা বলেন, 'মামলার প্রকৃত আসামি প্রবাসে থাকেন। কিন্তু নাম ও পরিচয়ে সাদৃশ্য থাকায় পুলিশ আমার মক্কেলকে গ্রেফতার করে। মঙ্গলবার আদালতে বিষয়টি উপস্থাপন করা হলে জলিলকে জামিন দেওয়া হয়। একই সঙ্গে ভুল ব্যক্তিকে গ্রেফতারের ঘটনায় মহিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) আগামী ধার্য তারিখে আদালতে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।' তিনি বলেন, আসামি গ্রেফতারের আগে নামের পাশাপাশি বাবার নাম, মায়ের নাম, ঠিকানা ও অন্যান্য পরিচয় সতর্কতার সঙ্গে যাচাই করা প্রয়োজন। এতে নিরপরাধ ব্যক্তিকে হয়রানি ও কারাভোগের মতো ঘটনা এড়ানো সম্ভব। পটুয়াখালীর অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) সাজেদুল ইসলাম সজল বলেন, গ্রেপ্তারি পরোয়ানায় মায়ের নাম ও অন্যান্য পূর্ণাঙ্গ পরিচয় না থাকায় অনিচ্ছাকৃতভাবে এ ভুল হয়েছে। বিষয়টি জানার পর জলিলের জামিনের জন্য সুপারিশ করা হয়। সোমবার আদালত তার জামিন মঞ্জুর করেছেন। তিনি আরও বলেন, ভবিষ্যতে গ্রেপ্তারি পরোয়ানা তামিলের ক্ষেত্রে এ ধরনের ভুল এড়াতে আসামির পূর্ণাঙ্গ পরিচয় ও প্রয়োজনীয় তথ্য পরোয়ানায় উল্লেখ করার জন্য আদালতের প্রতি অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে মহিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম হাওলাদার বলেন, প্রকৃত আসামির নাম, বাবার নাম একই হওয়ায় ভুলে আটক করা হয়েছে। তবে ওখানে মায়ের নাম ও মোবাইল নম্বর না থাকায় এই সমস্যা তৈরি হয়েছে। এজন্য পুরোপুরি নিশ্চিত হওয়া যায়নি।

বিএম কলেজের বার্ষিক সাময়িকী

অধ্যক্ষ অধ্যাপক ড. শেখ মো. তাজুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে অ্যাডভোকেট মজিবর রহমান সরোয়ার বলেন, শিক্ষার্থীদের মেধা, মনন ও সৃজনশীলতা বিকাশে একটি শিক্ষাপ্রতিষ্ঠানের নিজস্ব প্রকাশনা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। দীর্ঘ বিরতির পর 'অনুরণন' প্রকাশ বিএম কলেজের সাহিত্য ও সাংস্কৃতিক চর্চাকে আরও সমৃদ্ধ করবে বলে তিনি আশা প্রকাশ করেন। বিএম কলেজের সাবেক শিক্ষার্থী হিসেবে প্রতিষ্ঠানের প্রতি নিজের দায়বদ্ধতার কথা উল্লেখ করে তিনি বলেন, কলেজের উন্নয়নে প্রয়োজনীয় সহযোগিতার পাশাপাশি জাতীয় সংসদেও বিএম কলেজের বিভিন্ন সমস্যা ও উন্নয়ন-সংক্রান্ত বিষয় তুলে ধরবেন। প্রতিষ্ঠানের যেকোনো যৌক্তিক প্রয়োজনে শিক্ষক-শিক্ষার্থীরা তাকে স্মরণ করতে পারেন বলেও জানান তিনি। বিশেষ অতিথির বক্তব্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মামুন অর রশীদ বিএম কলেজের সঙ্গে নিজের শিক্ষাজীবনের স্মৃতির কথা তুলে ধরে বলেন, সাবেক শিক্ষার্থী হিসেবে এ প্রতিষ্ঠানের সঙ্গে তার গভীর আবেগ ও স্মৃতি জড়িয়ে আছে। দীর্ঘ ১১ বছর পর সাময়িকী প্রকাশের উদ্যোগকে স্বাগত জানিয়ে তিনি বলেন, শিক্ষার্থীদের চিন্তা, মেধা ও প্রতিভা প্রকাশের জন্য 'অনুরণন' একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হয়ে উঠতে পারে। ম্যাগাজিনের আহ্বায়ক প্রফেসর জাবের আহমেদ বলেন, দীর্ঘ বিরতির পর 'অনুরণন' প্রকাশের মাধ্যমে শিক্ষার্থীদের সৃজনশীলতা প্রকাশের সুযোগ তৈরি হয়েছে। ভবিষ্যতেও এ ধরনের প্রকাশনার ধারা অব্যাহত থাকবে বলে জানান তিনি। সাময়িকীতে লেখা প্রকাশিত দুইজন শিক্ষার্থী অনুষ্ঠানে নিজেদের অনুভূতি ব্যক্ত করেন। দীর্ঘ প্রতীক্ষার পর কলেজের বার্ষিক সাময়িকীতে নিজেদের লেখা প্রকাশের সুযোগ পাওয়াকে তারা আনন্দ ও গর্বের বিষয় হিসেবে উল্লেখ করেন। নিয়মিতভাবে এ ধরনের উদ্যোগ নেওয়া হলে শিক্ষার্থীদের লেখালেখি ও সৃজনশীল কর্মকাণ্ডে আগ্রহ আরও বাড়বে বলেও তারা প্রত্যাশা ব্যক্ত করেন। সভাপতির বক্তব্যে বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো. তাজুল ইসলাম বলেন, কলেজের ঐতিহ্য ও শিক্ষার্থীদের সৃজনশীলতাকে ধারণ করেই 'অনুরণন' প্রকাশ করা হয়েছে। এবারের সংখ্যায় যাদের লেখা প্রকাশিত হয়নি, তারা মন খারাপ না করে লেখালেখি অব্যাহত রাখার আহ্বান জানান তিনি। ভালো লেখা পরবর্তী সংখ্যার সাময়িকীতে প্রকাশের সুযোগ দেওয়া হবে বলেও আশ্বস্ত করেন অধ্যক্ষ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক সংগীতা সরকার এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ফরিদ উদ্দিন। অনুষ্ঠানে কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষক, ছাত্র সংগঠনের প্রতিনিধিবৃন্দ, সাময়িকীতে লেখা প্রকাশিত লেখকসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। দীর্ঘ ১১ বছর পর 'অনুরণন' প্রকাশকে ঘিরে অনুষ্ঠানে শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ ও প্রাণচাঞ্চল্য দেখা যায়। সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন, নিয়মিত প্রকাশনার মাধ্যমে 'অনুরণন' বিএম কলেজের সাহিত্য, সংস্কৃতি ও সৃজনশীল চর্চার একটি গুরুত্বপূর্ণ মঞ্চ হিসেবে আরও সমৃদ্ধ হয়ে উঠবে।

ভেঙে গেছে সাঁকো, কলাগাছের

বের হওয়া বাসিন্দাদের ভোগান্তিও বেড়েছে। স্থানীয় বাসিন্দারা জানান, দীর্ঘদিন ধরে বাঁশ-কাঠের সাঁকোটিই ছিল তাদের চলাচলের প্রধান অবলম্বন। কোনোভাবে সেটি ব্যবহার করে খাল পারাপার করতেন তারা। সম্প্রতি সাঁকোটি ভেঙে পড়ায় সেই পথও বন্ধ হয়ে গেছে। ফলে কলাগাছের ভেলা তৈরি করে খাল পারাপার ছাড়া তাদের সামনে আর কোনো সহজ বিকল্প নেই। আশ্রয়ণ প্রকল্পের বাসিন্দা কাওছার মৃধা বলেন, রাজারবের খালের ওপর এই সাঁকোটিই আমাদের ৩২ পরিবারের দ্রুত যাতায়াতের একমাত্র পথ ছিল। সাঁকোটি ভেঙে যাওয়ার পর এখন কলাগাছের ভেলা দিয়ে খাল পার হতে হচ্ছে। এভাবে চলাচল করা খুবই ঝুঁকিপূর্ণ। দ্রুত এখানে একটি ব্রিজ নির্মাণ করা প্রয়োজন। আরেক বাসিন্দা মিজানুর রহমান বলেন, প্রতিদিন বাজার, চিকিৎসা, স্কুল-কলেজে ছেলে-মেয়েদের যাতায়াতসহ অন্যান্য প্রয়োজনে আমাদের বাইরে যেতে হয়। সাঁকো ভেঙে যাওয়ায় এখন কলাগাছের ভেলা দিয়ে রাজারবের খাল পার হতে হচ্ছে। কিছুদিন আগে আশ্রয়ণের এক গৃহিণী ভেলা থেকে পড়ে যান। পরে তাকে অসুস্থ অবস্থায় উদ্ধার করে চিকিৎসা দেওয়া হয়। ভেলায় করে পারাপারে যেকোনো সময় বড় দুর্ঘটনা ঘটতে পারে। আমরা দ্রুত স্থায়ী ব্রিজ নির্মাণের দাবি জানাই। স্থানীয় ইউপি সদস্য সাবিনা ইয়াসমিন মুক্তা বলেন, আশ্রয়ণ প্রকল্পের ৩২টি পরিবারের প্রতিদিনের যাতায়াতের জন্য রাজারবের খালের ওপরের সাঁকোটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি ভেঙে যাওয়ায় তারা চরম দুর্ভোগে পড়েছেন। এখানে একটি স্থায়ী ব্রিজ নির্মাণ জরুরি। রহমতপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সুমন সিকদার বলেন, রাজারবের খালের ওপর সাঁকোটি ভেঙে যাওয়ায় আশ্রয়ণ প্রকল্পের ৩২টি পরিবারের চলাচলে যে দুর্ভোগ সৃষ্টি হয়েছে, বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখছি। বিশেষ করে শিশু, নারী, বয়স্ক ও অসুস্থ মানুষদের ঝুঁকি নিয়ে খাল পার হতে হচ্ছে, যা কোনোভাবেই কাম্য নয়। দ্রুত উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে স্থায়ী ব্রিজ নির্মাণের উদ্যোগ নেওয়া হবে। এর আগে যাতে মানুষ নিরাপদে চলাচল করতে পারেন, সে বিষয়েও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার চেষ্টা করা হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আসমা উল হুসনা বলেন, আমার কাছে আশ্রয়ণের কয়েকজন বাসিন্দা এসেছিলেন। আমি তাদের কাছ থেকে সাঁকোটির প্রয়োজনীয়তা সম্পর্কে জেনেছি। বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা জানিয়েছি।

বরিশালে মাছের দাম চড়া

বলেন, আগে এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১৩৫০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। একই ভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে না পেরে তেলাপিয়া ও পাঙাশ মাছ কিনতে হয়। মাছ ব্যবসায়ী আমজাদ হোসেন বলেন, মাছের সরবরাহ পর্যাপ্ত থাকলে দাম কম থাকে। সরবরাহ কম থাকলে দামে প্রভাব পড়ে। তাছাড়া নদীতে আগের মতো মাছের দেখা নাই, তাই চাষের মাছের দাম কিছুটা বেড়েছে। পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ গত কয়েকদিন ধরে ৫০-৬০ টাকা কেজি বিক্রি হচ্ছে। করলা ৩০ টাকা, কাঁকরোল ৪০ টাকা, পেঁপে প্রতি কেজি ১৫-২০ টাকা, পটোল ৩০-৩৫ টাকা, রেখা ২০ টাকা, লাউ প্রতি পিস ২৫ টাকা, মিষ্টি কুমড়া ২৫-৩০ টাকা, শসা ১৫ টাকা, ঢেঁড়স ৩৫ টাকা, লেবু ৩ টাকায় হালি বিক্রি হচ্ছে। এসব সবজি আবার খুচরা বাজারে কিছুটা বেশি দামে বিক্রি করতে দেখা গেছে। বাংলাবাজারে আসা রাসেল বলেন, ৪-৫ দিন আগেও ৮০-১০০ টাকার নিচে কোনো সবজি বাজারে পাওয়া যায়নি। সেই দাম এখন স্বাভাবিক হয়েছে। এভাবে দাম কম থাকলে সবজি কিনে খাওয়া সম্ভব। ব্যবসায়ীরা তাদের ইচ্ছা মতো দাম নির্ধারণ করে। এজন্য নিয়মিত বাজার মনিটরিং দরকার। বহুমুখী সিটি মার্কেটে পাইকারি সবজির বাজারের দুলাল বাণিজ্যালয়ের আমিনুল ইসলাম শুভ নামের এক ব্যবসায়ী বলেন, সবজির সরবরাহ এখন পর্যাপ্ত তাই দামও নাগালের মধ্যে। বৃষ্টিতে সবজির সরবরাহ কম থাকায় দামে কিছুটা প্রভাব পড়ে। এখন সরবরাহ বাড়ায় দাম কমে যায়। এদিকে কিছু দিন ধরে প্রতি কেজি ব্রয়লার ১৬৫-১৭০ টাকা, লেয়ার ৩৬৫, আর সোনালি মুরগি বিক্রি হচ্ছে ২৯০ টাকায়। তবে অপরিবর্তিত রয়েছে গরু ও খাসির মাংসের দাম।

সাবেক ভূমিমন্ত্রীর যুক্তরাষ্ট্রে থাকা

অব ইনভেস্টিগেশন' (এফবিআই)। সোমবার (৭ সেপ্টেম্বর) দুর্নীতি দমন কমিশনের (দুদক) মুখপাত্র আকতারুল ইসলাম এ তথ্য জানান। সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী ও তার স্ত্রী রুকমিলা জামানের ব্যাংক হিসাব, ব্যবসা ও সম্পত্তির রেকর্ড এবং যুক্তরাষ্ট্রে থাকা কথিত অপরাধলব্ধ সম্পদ জব্দ ও বাজেয়াপ্তের বিষয়ে পারস্পরিক আইনি সহায়তা বা এমএলএআর চেয়েছিল বাংলাদেশ। এ বিষয়ে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় কর্তৃপক্ষ অফিস অব ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের সহায়তা চাওয়া হয়। ওই অনুরোধের পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্রের ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন থেকে প্রতিবেদন পাঠানো হয়েছে। আকতারুল ইসলাম বলেন, আবেদনের প্রেক্ষিতে এফবিআই জাবেদ ও তার স্ত্রীর যুক্তরাষ্ট্রে থাকা সম্পদের বিস্তারিত নথি ও তথ্য সরবরাহ করেছে। ব্যাংক ঋণ জালিয়াতি ও মানিলন্ডারিংয়ের অভিযোগে সাইফুজ্জামান চৌধুরী জাবেদের বিরুদ্ধে দুই ডজনেরও বেশি মামলা করেছে দুদক। এসব মামলার অভিযোগ অনুযায়ী, ভুয়া কোম্পানি দেখিয়ে ব্যাংক ঋণ নিয়ে সেই অর্থ বিভিন্ন হিসাবে স্থানান্তর ও বিদেশে পাচার করা হয়েছে। সাইফুজ্জামান চৌধুরী জাবেদ ২০১৪ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী এবং ২০১৯ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত একই মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন। ২০২৪ সালের সংসদ নির্বাচনের আগে তার বিরুদ্ধে বিদেশে বিপুল সম্পদ গড়ার অভিযোগ ওঠে। এদিকে ফেনী-১ আসনের সাবেক সংসদ সদস্য আলিউদ্দিন আহমেদ চৌধুরী নাসিমের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার করে জমি দখল, নিয়োগ ও দলীয় পদ বাণিজ্যসহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাৎ এবং হাজার কোটি টাকা বিদেশে পাচারের অভিযোগ তদন্তাধীন একটি মামলার সঙ্গে সংযুক্ত করে তদন্তের সুপারিশ করেছে দুদক। আকতারুল ইসলাম জানান, নাসিমের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতির মাধ্যমে বিপুল অর্থ আত্মসাৎ, বিদেশে পাচার এবং নিজের ও পরিবারের সদস্যদের নামে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ রয়েছে। এসব অভিযোগের তদন্ত এগিয়ে নিতে দুদকের সমন্বিত জেলা কার্যালয়, নোয়াখালীতে তদন্তাধীন মামলার সঙ্গে অভিযোগটি সংযুক্ত করার সুপারিশ করেছে কমিশন। গত বছরের ২০ মার্চ অবৈধ সম্পদ অর্জন ও অর্থপাচারের অভিযোগে আলাউদ্দিন আহমেদ চৌধুরী নাসিম ও তার স্ত্রী ডা. জাহানারা আরজুর নামে মামলা করে দুদক। অন্যদিকে নাসা গ্রুপের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার, নাসরিন ইসলামসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এবং ওয়ান প্রোপার্টি লিমিটেডের বিষয়ে আইল অব ম্যানের কাছে পাঠানো এমএলএআরের আওতায় অনুরোধ করা সব কার্যক্রম সম্পন্ন হয়েছে। দুদকের উপপরিচালক বলেন, সংশ্লিষ্ট এমএলএআর পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন করা হয়েছে। একই সঙ্গে আইল অব ম্যান নামক দ্বীপ রাষ্ট্র কর্তৃপক্ষ অভিযোগসংশ্লিষ্ট ব্যক্তিদের সম্পত্তি ফ্রিজ করার তথ্য জানিয়েছে। বিদেশে সম্পদ পাচার ও গোপন সম্পদের তথ্য উদঘাটনে আন্তর্জাতিক সহযোগিতার অংশ হিসেবে এসব এমএলএআর পাঠানো হয়েছিল। সংশ্লিষ্ট দেশগুলোর কাছ থেকে পাওয়া তথ্য ও প্রতিবেদন পর্যালোচনা করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

টেকসই উন্নয়নে বাংলাদেশ-ভারত কাজ

কল্যাণকে প্রাধান্য দিয়ে সহযোগিতার ক্ষেত্র আরও সম্প্রসারণের ওপর গুরুত্ব দিয়েছেন তিনি। সোমবার (৭ সেপ্টেম্বর) সচিবালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী আবদুল আউয়াল মিন্টুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। এ সময় প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম ও মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. ফাহমিদা খানম উপস্থিত ছিলেন। বৈঠকে আন্তঃসীমান্ত বায়ু ও নদীদূষণ নিয়েও আলোচনা হয়। এসব সমস্যা মোকাবিলায় বৈজ্ঞানিক তথ্য বিনিময়, সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যে নিয়মিত যোগাযোগ এবং কার্যকর সমন্বয়ের ওপর গুরুত্ব দেন দুই দেশের প্রতিনিধিরা। এ সময় পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মোকাবিলা, আন্তঃসীমান্ত পরিবেশগত সমস্যা, কার্বন ক্রেডিট, কার্বন নিঃসরণ কমানো এবং সবুজ অর্থনীতির বিকাশ নিয়েও আলোচনা হয়। পরিবেশমন্ত্রী বলেন, বাংলাদেশ ও ভারত ঘনিষ্ঠ প্রতিবেশী হওয়ায় দুই দেশের পরিবেশ ও প্রতিবেশগত স্বার্থ পরস্পরের সঙ্গে নিবিড়ভাবে সম্পর্কিত। জলবায়ু পরিবর্তন, বন্যা, খরা, নদী ও জলসম্পদ ব্যবস্থাপনা, বায়ুদূষণ এবং জীববৈচিত্র্য হ্রাসের মতো চ্যালেঞ্জ কোনো একক দেশের মধ্যে সীমাবদ্ধ নয়। এসব সমস্যা মোকাবিলায় পারস্পরিক আস্থা, তথ্য ও অভিজ্ঞতা বিনিময় এবং কার্যকর আঞ্চলিক সহযোগিতা আরও জোরদার করা প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি। আবদুল আউয়াল মিন্টু বলেন, পারস্পরিক সম্মান ও অভিন্ন স্বার্থের ভিত্তিতে ভারতের সঙ্গে ইতিবাচক ও গঠনমূলক সম্পর্ক এগিয়ে নিতে আগ্রহী বাংলাদেশ। দুই দেশের জনগণের কল্যাণ ও টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করতে পরিবেশ ও জলবায়ু খাতে সহযোগিতা আরও গভীর হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

স্যানিটারি ইন্সপেক্টরের সাইনবোর্ড ব্যবহার

তোলার প্রমান মেলায় স্যানিটারি ইন্সপেক্টর সুকলাল সিকদারকে তার দায়িত্ব থেকে অব্যহতি প্রদান করা হয়। এছাড়াও তার বিরুদ্ধে ফ্যাসিষ্ট আওয়ামী লীগের কর্মকান্ডে সরাসরি সম্পৃক্ত থাকার গুরুতর অভিযোগ রয়েছে। বিএনপিপন্থী ব্যবসায়ীদের বেছে বেছে বিভিন্ন সময় বড় অংকের জরিমানা করে তা আত্মসাতের অভিযোগ রয়েছে। ২০২৪ সালের ৫ আগষ্ট শেখ হাসিনা পালিয়ে যাওয়ার পর স্যানিটারি ইন্সপেক্টর সুকলাল সিকদারও কর্মস্থল থেকে আত্মগোপন করেন। জানা গেছে, বরিশাল জেলা স্যানিটারি ইন্সপেক্টরের পদটি শূন্য হওয়ায় আগৈলঝাড়ায় পূর্বের ন্যায় সুবিধা করতে না পারায় সুকলাল সিকদার বরিশালে পাড়ি জমান। গত একমাস পূর্বে বরিশালে যোগদান করে নতুন কৌশলে চাঁদাবাজিতে মেতে উঠেছেন। নাম প্রকাশ না করার শর্তে বরিশালের বিভিন্ন উপজেলার স্যানিটারি ইন্সপেক্টরা জানান, সুকলাল সিকদার আগৈলঝাড়ায় বসে যেভাবে অনৈতিক কর্মকান্ড করেছেন, তা এখানেও শুরু করতে চান। তিনি ইশারা-ইঙ্গিতে আমাদেরকে মাসে একবার করে দেখা করার জন্য বলছেন। বরিশালের একাধীক ব্যবসায়ী জানান, জেলা স্যানিটারি ইন্সপেক্টর যোগদানের পর আমাদেরকে ফোন করে তার সাথে দেখা করার জন্য বলছেন। যা এর আগে কখনো কোনো স্যানিটারি ইন্সপেক্টর বলেননি। এবিষয়ে কথা বলার জন্য স্যানিটারি ইন্সপেক্টর সুকলাল সিকদারের মোইল নাম্বারে ফোন করা হলেও তিনি রিসিভ না করায় বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

বাউফলে আশ্রয়ণ প্রকল্পের

জানালা খড়কুটো দিয়ে বন্ধ করে রাখা হয়েছে। দীর্ঘদিন ব্যবহৃত না হওয়ায় কোনো কোনো ঘরের দরজা-জানালা ও অন্যান্য অবকাঠামো নষ্ট হতে শুরু করেছে। স্থানীয়দের দাবি, ছত্রকান্দা আশ্রয়ণ প্রকল্পে মোট ২২টি ঘর রয়েছে। এর মধ্যে ২১টি ঘরে বর্তমানে কেউ বসবাস করেন না। একটি ঘরে একজন উপকারভোগীর থাকার কথা থাকলেও সরেজমিন তাকেও পাওয়া যায়নি। স্থানীয় নাসির উদ্দিনের অভিযোগ, আব্বাস, মকবুল, আব্দুর রব, ফোরকান ও ফাতেমা প্যাদাসহ কয়েকজন প্রকল্পের ঘরগুলো দখলে রেখেছেন। তাদের কারণে সাধারণ মানুষ সেখানে যেতে পারেন না। এমনকি ভয়ভীতি দেখিয়ে ঘর দখলে রাখার অভিযোগও করেন তিনি। নাসির উদ্দিন বলেন, 'ঘরগুলোতে গরু-ছাগল রাখায় নোংরা হয়ে আছে। যাদের জন্য সরকার ঘর দিয়েছে, তারা সেখানে থাকেন না। এভাবে পড়ে থাকলে সরকারি সম্পদ নষ্ট হয়ে যাবে।' তবে অভিযোগ অস্বীকার করেছেন আব্বাস প্যাদা ও মকবুল প্যাদা। তারা বলেন, যাদের নামে ঘর বরাদ্দ দেওয়া হয়েছে, তাদের কেউ সেখানে বসবাস করেন না। সরকারি তালা ভেঙে সেখানে অসামাজিক কার্যকলাপ চলত। এ কারণে নিজেদের উদ্যোগে চারটি ঘরে তালা দিয়েছেন তারা। তাদের দাবি, ওই ঘরগুলোতে গরু রাখা হয়নি, খড়কুটো রাখা হয়েছে। বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিরা এলে ঘরগুলো পরিষ্কার করে দেওয়ার কথাও জানান তারা। এ বিষয়ে বাউফল উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সোহাগ মিলু বলেন, 'আশ্রয়ণ প্রকল্পের ঘর বরাদ্দের ক্ষেত্রে বিভিন্ন ব্যক্তি আবেদন করেন। বরাদ্দ পাওয়া ঘর কোনোভাবেই বেচাকেনা করা যাবে না। যেসব ঘর খালি রয়েছে, সেগুলো যাচাই-বাছাই করা হবে। প্রয়োজন হলে বরাদ্দ বাতিল করে নতুন করে উপকারভোগীদের মধ্যে ঘর বরাদ্দ দেওয়া হবে।'

ডাকাতির সময় ৬ জলদস্যুকে

করা হয়। গ্রেফতারকৃত জলদস্যুরা হলেন- জাহিদুল ইসলাম (৩৪), আনিস মুন্সী (৩৪), মো. শাহীন (২৭), সায়েম গাজী (২৪), নাঈম হোসেন (২৪) ও রিয়াজ ফকির (৩১)। এদের প্রথম পাঁচজনের বাড়ি পটুয়াখালী জেলার দশমিনা উপজেলার চরহাদী গ্রামের ৯নং ওয়ার্ডে। অপরজনের বাড়ি লক্ষ্মীপুর জেলার রায়পুর উপজেলার চরগাছিয়া গ্রামের ৯নং ওয়ার্ডে। জেলেরা জানান, রোববার রাত ৮টায় উপজেলার হাজিরহাট ইউনিয়নের জংলারখাল এলাকার পূর্বপাশে মেঘনায় মাছ শিকারের সময় দেশীয় অস্ত্রসহ জলদস্যুরা শফিউল্লাহ মাঝির নৌকায় হামলা করে। এ সময় জলদস্যুরা প্রথমে জেলে নৌকায় পাথর ছুড়ে মারে। পরে মেঘনায় মাছ শিকার করা ১০ জেলে নৌকা একত্রিত হয়ে ধাওয়া করে দেশীয় অস্ত্রসহ ৬ জলদস্যুকে ধরে পুলিশে হস্তান্তর করেন। এ সময় জলদস্যুরা মেঘনায় বড় বড় রাম দা নদীতে ফেলে দেয় বলে জানান জেলেরা। এ ব্যাপারে মনপুরা থানার ওসি মাজাহারুল ইসলাম জানান, ৬ জলদস্যুর বিরুদ্ধে মামলা দায়েরের পর আদালতে সোপর্দ করা হয়েছে।

বসতঘরের পাশে পুকুরে

পুকুরে পড়ে থাকতে দেখে উদ্ধার করেন। তাৎক্ষণিকভাবে ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিয়ে যান স্বজনরা। তবে চিকিৎসকরা শিশুটিকে মৃত ঘোষণা করেন। ভোলা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

কুয়াকাটায় ২০টি দোকানে তালা দেয়ার

হয়। ব্যবসায়ীদের দাবি, তাঁরা স্থানীয় বেল্লাল মোল্লার কাছ থেকে দোকান ভাড়া নিয়ে কয়েক বছর ধরে সেখানে ব্যবসা করছেন। জমির মালিকানা নিয়ে বিরোধের জেরে তাঁদের দোকান থেকে উচ্ছেদ করা হয়েছে। শুঁটকি ব্যবসায়ী রুবেল মৃধা বলেন, '২০১৮ সাল থেকে এখানে ব্যবসা করছি। সকালে অনেক লোক এসে দোকান ছেড়ে দিতে বলে। পরে মালামাল বাইরে ফেলে দিয়ে দোকানে তালা লাগিয়ে দেওয়া হয়।' আরেক ব্যবসায়ী মনির হোসেন অভিযোগ করেন, পুলিশের কাছে খবর দেওয়ার কারণে তাঁকে মারধর করা হয়েছে। পরে নিরাপত্তার কথা চিন্তা করে তিনি দোকান থেকে মালামাল সরিয়ে নেন। আচার ব্যবসায়ী মো. মহিবুল্লাহ বলেন, 'জমির মালিকানা নিয়ে বিরোধ থাকলে সেটি আইনগতভাবে সমাধান হতে পারে। কিন্তু আমাদের দোকান থেকে বের করে দিয়ে তালা দেওয়া হয়েছে। এতে আমরা ব্যবসা নিয়ে অনিশ্চয়তায় পড়েছি।' ব্যবসায়ীরা জানান, স্থানীয় বিএনপির নেতা-কর্মীরা দোকান দখল নিতে গেলে তাঁদের মধ্যে কেউ ৯৯৯ নম্বরে ফোন করে আইনি সহায়তা চান। পরে মহিপুর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। ব্যবসায়ীদের অভিযোগ, পুলিশকে খবর দেওয়ার অভিযোগ তুলে স্বেচ্ছাসেবক দলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রেদোয়ানুল ইসলাম রাসেলসহ অন্যরা দোকানিদের মারধর করেন। মহিপুর থানার উপপরিদর্শক মো. জাকির হোসেন বলেন, '৯৯৯ নম্বরে ফোন পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়েছিল। সেখানে ব্যবসায়ীদের সঙ্গে কথা বলা হয়েছে। তাঁদের লিখিত অভিযোগ দিতে বলা হয়েছিল। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।' ব্যবসায়ীদের মারধরের অভিযোগের বিষয়ে তিনি বলেন, ঘটনার সময় তিনি ঘটনাস্থলে ছিলেন না। তাই এ বিষয়ে বিস্তারিত বলতে পারছেন না। জমির মালিকানা দাবি করা বেল্লাল মোল্লা বলেন, ওই জমি নিয়ে পটুয়াখালীর আদালতে মামলা চলছে। তাঁর দাবি, জমিটি দীর্ঘদিন ধরে তাঁর দখলে রয়েছে। এর আগেও দোকানগুলোতে তালা দেওয়ার ঘটনা ঘটেছিল। পরে স্থানীয় রাজনৈতিক নেতাদের হস্তক্ষেপে দোকান খুলে দেওয়া হয়। বিষয়টি নিয়ে প্রশাসনের বিভিন্ন দপ্তরে অভিযোগ করা হলেও স্থায়ী সমাধান হয়নি বলে অভিযোগ করেন তিনি। তাঁর ভাষ্য, এর মধ্যে আবার দোকানগুলোতে তালা দেওয়া হয়েছে। অভিযোগের বিষয়ে কুয়াকাটা পৌর বিএনপির সভাপতি আজিজ মুসুল্লি বলেন, 'দখল করবে, করবে না–তাইলে কী করবে। এই জমি আমার, গত ১৭ বছর বারেক মোল্লা দখল করে রেখেছে। এই জমির দলিলও আমার নামে।' প্রশাসনের মাধ্যমে না গিয়ে প্রকাশ্যে দখল করার বিষয়ে জানতে চাইলে আজিজ মুসুল্লি বলেন, '৫ তারিখের পরে আমি এসিল্যান্ডের কাছে গিয়েছি, সংবাদ সম্মেলন করেছি, তাদেরকে ডেকেছি; কিন্তু তারা আসে না। বাধ্য হয়ে আজ করতে হয়েছে। ওখানে দোকানদারদের কাছে জিজ্ঞেস করিয়েন।' ২০২৪ সালের ৫ আগস্টের পর অভিযুক্ত ব্যক্তিরা উল্লেখিত দোকানগুলোতে তালা ঝুলিয়ে দিয়েছিলেন–এ অভিযোগের সত্যতা নিশ্চিত করেছেন কলাপাড়া উপজেলা বিএনপির সভাপতি হাজী হুমায়ুন সিকদার। তিনি বলেন, 'জমিটি লুজ খতিয়ানের হওয়ায় বিরোধ মেটানো সম্ভব হচ্ছে না। তবে কাগজপত্র অনুযায়ী উভয় পক্ষকে স্থিতিশীল অবস্থায় থাকতে বলা হয়েছে। সেখানে পুনরায় দখল ও দোকানগুলোতে তালা ঝুলিয়ে দেওয়ার বিষয়টি দুঃখজনক।' পটুয়াখালী-৪ (কলাপাড়া-রাঙ্গাবালী) আসনের স্থানীয় সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন বলেন, 'ওই এলাকায় উভয় পক্ষের জমি ছিল। সাগরে জমি বিলীন হওয়ার সময় একাধিক ব্যক্তি জমির মালিকানা দাবি করায় আজকের এই ঘটনা ঘটেছে।' সমাধানের বিষয়ে এবিএম মোশাররফ হোসেন বলেন, 'যেহেতু সেখানে জমি নেই, তাই বিষয়টির সমাধান জটিল হয়ে দাঁড়িয়েছে। এখানে দলীয় কোনো পরিচয় নয়, মালিকানা নিয়ে বিরোধের কারণেই ঝামেলা হয়েছে।'

শতকোটি টাকা আত্মসাতের অভিযোগ পলাতক 'সমবায়' উদ্যোক্তা গ্রেফতার

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে সমবায় সমিতির নামে সাধারণ মানুষের জমা রাখা প্রায় ১০০ কোটি টাকা নিয়ে আত্মগোপনে থাকা বিশ্বজিৎ হালদার নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার দিবাগত রাতে উপজেলার আটঘর কুড়িয়ানা ইউনিয়নের কটুরাকাঠি এলাকায় নিজ বাড়ি থেকে তাঁকে গ্রেফতার করা হয়। পুলিশ জানিয়েছে, গ্রেফতারকৃত বিশ্বজিৎ হালদারের বিরুদ্ধে আদালত থেকে পূর্বে ঘোষিত পাঁচটি মামলায় সাজা এবং গ্রেপ্তারি পরোয়ানা ছিল। তিনি আটঘর কুড়িয়ানা ইউনিয়নের বিমল চন্দ্র হালদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, সমবায় সমিতির লাইসেন্স নিয়ে বিশ্বজিৎ এনজিওর আদলে একটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান পরিচালনা করতেন। প্রতিষ্ঠানটির মাধ্যমে বিভিন্ন মেয়াদে আমানত সংগ্রহ এবং পাঁচ থেকে ছয় বছরে অর্থ দ্বিগুণ করার প্রলোভন দেখিয়ে সাধারণ মানুষের কাছ থেকে বিপুল পরিমাণ অর্থ জমা করা হয়। ভুক্তভোগীদের অভিযোগ, এসব আমানতকারীর বড় একটি অংশ ছিলেন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী, মধ্যবিত্ত পরিবারের নারী ও স্থানীয় ক্ষুদ্র ব্যবসায়ীরা। বছরের পর বছর আমানত জমার পর ২০২৩ সালে হঠাৎ প্রতিষ্ঠানটি বন্ধ করে বিশ্বজিৎ হালদার লাপাত্তা হয়ে যান। গ্রাহকদের দাবি, নেছারাবাদ উপজেলার বিভিন্ন ইউনিয়নে ১০ থেকে ১২টি শাখা খুলে প্রায় ১০ হাজার মানুষের কাছ থেকে অর্থ সংগ্রহ করা হয়। এ ছাড়া পার্শ্ববর্তী নাজিরপুর ও ঝালকাঠি এলাকাতেও প্রতিষ্ঠানটির একাধিক শাখা চালু করে বিপুল পরিমাণ আমানত সংগ্রহ করা হয়েছিল। প্রতিষ্ঠানটির স্থানীয় মাঠকর্মী অঞ্জু রানী ফোনে জানান, কেবল ভরতকাঠি এলাকাতেই প্রায় তিন হাজার মানুষের আনুমানিক ছয় থেকে সাত কোটি টাকা ওই সমিতিতে জমা রয়েছে। অঞ্জু রানী বলেন, 'আমার কাজ ছিল ঋণ বিতরণ ও কিস্তি আদায় করা। এখন বিপুল পরিমাণ আমানত হারিয়ে অনেক গ্রাহকই আমার সঙ্গে যোগাযোগ করছেন, যার কারণে হয়রানির আশঙ্কায় আমি এলাকা ছেড়ে দূরে অবস্থান করতে বাধ্য হচ্ছি।' সমিতিতে আমানত রেখে প্রতারিত হওয়া বিনয় ভূষণ নামে এক অবসরপ্রাপ্ত কর্মচারীর পরিবার জানান, তাদের প্রায় ২০ লাখ টাকা জমা ছিল। একইভাবে প্রায় ১৫ লাখ টাকা জমা রেখে টাকা ফেরত পাননি কাটা দৈহারী গ্রামের বাসিন্দা শামসুর রহমান। গ্রেফতারের পর আমানতকারীদের মনে কিছুটা স্বস্তি ফিরলেও, উধাও হওয়া বিপুল পরিমাণ অর্থের বর্তমান অবস্থান কোথায় এবং তাঁরা আদৌ সেই অর্থ ফেরত পাবেন কি না–তা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। অপরাধের বিস্তারিত তথ্য উদ্?ঘাটনে আসামিকে রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদের দাবি জানিয়েছেন প্রতারিত গ্রাহকেরা। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান জানান, গ্রেফতারকৃত বিশ্বজিৎ হালদারকে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে। তাঁর বিরুদ্ধে আগের একাধিক মামলায় সাজার পরোয়ানা রয়েছে।

পুকুরে মাছ ধরতে গিয়ে

বিপ্লব পাটিকরের লাশ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

বরিশালে পিজিসিবি শ্রমিক কর্মচারী

নেতৃবৃন্দকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিজিসিবি শ্রমিক কর্মচারী ইউনিয়ন সিবিএ রেজি. নং-২০৯৫-এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি বাবর আলী। প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক মোশারফ হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল বরিশাল মহানগর শাখার আহ্বায়ক ও বরিশাল লেবার কোর্টের সদস্য মো. ফয়েজ আহমেদ খান এবং সদস্য সচিব মো. শহিদুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিজিসিবি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি মোহাম্মদ হোসেন, যুগ্ম সম্পাদক আব্দুল আজিজ মিলন, যুগ্ম সম্পাদক মো. সালজুর রহমান ও দপ্তর সম্পাদক আরিফ মোহাম্মদ খানসহ কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ের নেতৃবৃন্দ। সভায় সভাপতিত্ব করেন পিজিসিবি শ্রমিক কর্মচারী ইউনিয়ন সিবিএর কেন্দ্রীয় নির্বাহী কমিটির যুগ্ম সম্পাদক সৈয়দ হাসান আলী। আলোচনা সভায় বক্তারা শ্রমিক-কর্মচারীদের বিভিন্ন সমস্যা ও অধিকার নিয়ে বক্তব্য দেন। একই সঙ্গে শ্রমিকদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা এবং তাদের হারানো অধিকার ফিরিয়ে আনতে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন তারা। বক্তারা বিএনপির প্রতিষ্ঠাতা সাবেক রাষ্ট্রপতি ও সেনাপ্রধান জিয়াউর রহমানের রাজনৈতিক আদর্শ এবং বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার নেতৃত্বের কথা উল্লেখ করে বর্তমান প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বকে শক্তিশালী করার মাধ্যমে শ্রমিকদের অধিকার প্রতিষ্ঠার প্রত্যয় ব্যক্ত করেন। অনুষ্ঠানে পিজিসিবি শ্রমিক কর্মচারী ইউনিয়ন সিবিএর বরিশাল শাখার নতুন কমিটি ঘোষণা করা হয়। বরিশাল মহানগর শ্রমিক দলের আহ্বায়ক মো. ফয়েজ আহমেদ খান নবগঠিত কমিটি ঘোষণা করেন। এ সময় কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ের নেতৃবৃন্দসহ পিজিসিবির শ্রমিক-কর্মচারীরা উপস্থিত ছিলেন। সভায় শ্রমিক-কর্মচারীদের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তা সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠান শেষে নবগঠিত কমিটির নেতৃবৃন্দ কেন্দ্রীয় নেতৃবৃন্দকে সঙ্গে নিয়ে পিজিসিবির নির্বাহী প্রকৌশলী মো. আক্তারুজ্জামান পলাশের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন এবং তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

মুলাদীতে জোর পূর্বক

ফাতেমা বেগম, রুনু বেগম, হেলেনা বেগম। ওয়ারিশ সুত্রে মালিক হয়ে তারা চরডুমুরতলা মৌজার এস এ ৬৮নং খতিয়ানে ২একর ৮৪ শতাংশ জমি ভোগদখল করে আসছে। উক্ত সম্পত্তির মৃত শাজাহান তার অংশ থেকে ১০শতাং জম স্থানীয় আঃ জলিল মাতুব্বরের পুত্র স্বপন মাতুব্বরের নিকট বিক্রি করেন। ক্রয়কৃত সম্পত্তি স্বপন মাতুব্বর দীর্ঘ দিন একই দাগের মধ্যে অন্য জায়গায় ভোগ দখল করলেও বর্তমানে তিনি জোর পূর্বক সামন দিয়ে দখল করার পায়তারা করে আসছেন বলে জানান, জমির মালিকগন। জমির মালিকরা আরও জানান, উক্ত জমিতে তাদের নির্মিত একটি টিনের বসতঘর রয়েছে যা জোর পূর্বক ভেঙ্গে ফেলার পায়তারা চালাচ্ছে স্বপন মাতুব্বর।

চরফ্যাশনে ইয়াবাসহ দুই

থানাধীন জিন্নাগড় ইউনিয়নের ৬নং ওয়ার্ডস্থ শাহাবুদ্দিনের দোকানের সামনে পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে তাদেরকে আটক করা হয়। ভোলা জেলার পুলিশ সুপার জনাব মোঃ শহিদুল্লাহ কাওছার, পিপিএম দিকনির্দেশনায় ও অফিসার ইনচার্জ, চরফ্যাশন থানার তত্ত্বাবধানে চরফ্যাশন থানার এসআই (নিঃ) মোঃ সোহেল কামাল এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ অভিযান পরিচালনা করে ৪০ পিস অবৈধ মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেটসহ ২ জন মাদক কারবারীকে আটক করা হয়েছে। এ সময় তাদের সাথে ৪০ পিস হালকা কমলা রংয়ের অবৈধ মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট (যার আনুমানিক বাজার মূল্য ১২,০০০/- টাকা), মাদক বিক্রির নগদ ১,১০০/- টাকা এবং একটি বাটন মোবাইল ফোনসহ তাদেরকে গ্রেফতার করে পুলিশ। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে চরফ্যাশন থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় মামলা রুজু করা হয়েছে। মামলা নং-০৮, তারিখ: ০৬/০৯/২০২৬ খ্রিঃ, জি আর নং-১৭৩/২০২৬)।

গৃহবধূকে ধর্ষণচেষ্টা, আসামির

আদালতে উপস্থিত ছিলেন। পরে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। মামলার নথি ও রাষ্ট্রপক্ষের তথ্য অনুযায়ী, আলমগীর হোসেন বিভিন্ন সময় ওই গৃহবধূকে উত্ত্যক্ত করতেন। এরই ধারাবাহিকতায় ২০২০ সালের ১ জানুয়ারি রাতে ওই নারীকে একা পেয়ে ধর্ষণের চেষ্টা করেন তিনি। এ সময় ধস্তাধস্তির একপর্যায়ে আত্মরক্ষার্থে ওই নারী ছুরি দিয়ে আলমগীর হোসেনের যৌনাঙ্গে আঘাত করেন। এতে সেটি আংশিকভাবে কেটে যায়। পরে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় কর্তনকৃত অংশ বিচ্ছিন্ন হয়ে যায়। ঘটনার ছয় দিন পর, ৭ জানুয়ারি ২০২০, ওই নারী বাদী হয়ে মঠবাড়িয়া থানায় ধর্ষণচেষ্টার অভিযোগে মামলা করেন। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট রহিমা আক্তার হাসি বলেন, ধর্ষণচেষ্টার মামলায় আলমগীর হোসেনকে ৭ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত। রায়ে রাষ্ট্রপক্ষ সন্তোষ প্রকাশ করেছে।

ভালো কাজের পুরস্কার পেলেন

(মঠবাড়িয়া সার্কেল)পার্থ চক্রবর্তী (পিপিএম) জেলার সকল থানার অফিসার ইনচার্জসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। জানা যায় চলতি জুন-জুলাই মাসে রেকর্ড পরিমাণ মাদক উদ্ধার এবং সফলতার সাথে ওয়ারেন্টভুক্ত আসামি গ্রেফতার করায় কাউখালী থানা পুলিশের এ অর্জনকে পুরো জেলার মধ্যে একটি দৃষ্টান্তমূলক সাফল্য হিসেবে গণ্য করা হচ্ছে। ওসি মোঃ আনোয়ার হোসেনের এই অর্জন কেবল ব্যক্তিকেন্দ্রিক নয়, বরং তা কাউখালী থানা পুলিশের নিরলস পরিশ্রম ও পেশাদারিত্বের এক উজ্জ্বল প্রতিফলন। আইনশৃঙ্খলা রক্ষা, মাদকমুক্ত সমাজ গঠন এবং পলাতক আসামীদের আইনের আওতায় আনতে কাউখালী থানা যে অনন্য ভূমিকা রেখে চলেছে, এই পুরস্কার তারই স্বীকৃতি। ?সভায় পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী উপস্থিত অফিসার ও ফোর্সদের সার্বিক কল্যাণ সুনিশ্চিত করার পাশাপাশি নিষ্ঠা ও সততার সঙ্গে দায়িত্ব পালন করার প্রতি গুরুত্বারোপ করেন। তিনি বলেন, পেশাদারিত্ব ও জনবান্ধব পুলিশিংয়ের মাধ্যমেই জনগণের পূর্ণ আস্থা অর্জন করতে হবে। ?পুরস্কার প্রাপ্তির পর এক প্রতিক্রিয়ায় কাউখালী থানার ওসি মোঃ আনোয়ার হোসেন জানান,এই সম্মাননা আগামী দিনে এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং মাদকের বিরুদ্ধে শূন্য সহনশীলতা (জিরো টলারেন্স) নীতি বাস্তবায়নে পুরো থানা পুলিশকে আরও বেশি অনুপ্রাণিত করবে বলে আমি আশাবাদী। কাউখালীর সচেতন জনসাধারণ অফিসার ইনচার্জ মোঃ আনোয়ার হোসেনের এ অর্জন, পুলিশের কর্মস্পৃহা বাড়াতে খুবই ইতিবাচক ভূমিকা রাখবে বলে ধারনা পোষণ করেন। ?অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন, সহকারী পুলিশ সুপার(নেছারাবাদ সার্কেল) প্রণয় রায়।

মেঘনায় কোস্ট গার্ডের অভিযানে

প্রক্রিয়া সম্পন্ন হয়। ভ্রাম্যমাণ আদালত আটককৃত ৩৮ জনকে ১৫ দিন করে বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন। আটককৃত বাকি দুইজনের বয়স কম হওয়ায় ভবিষ্যতে এমন অপরাধে না জড়ানোর শর্তে মুচলেকা নিয়ে তাদের মুক্তি দেওয়া হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেটের নির্দেশে জব্দকৃত ৬টি ড্রেজার ও ১টি বলগেট পরবর্তী আইনি কার্যক্রমের জন্য কোস্ট গার্ডের জিম্মায় রাখা হয়েছে। নদী রক্ষা ও অবৈধ বালু উত্তোলন বন্ধে কোস্ট গার্ডের এমন অভিযান অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে।

দৌলতখানে মাদকবিরোধী অভিযানে আটক ৩

দৌলতখান প্রতিনিধি

ভোলার দৌলতখানে মাদকবিরোধী অভিযানে তিনজনকে আটক করেছে পুলিশ। সোমবার (৭ সেপ্টেম্বর) সকালে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাঁদের আটক করা হয়। আটক ব্যক্তিরা হলেন ভোলা সদর উপজেলার দক্ষিণ দিঘলদী ইউনিয়নের মো. হাসান রাঢ়ী (৩০), মো. সোহেল (৩০) ও দৌলতখান উপজেলার উত্তর জয়নগর ইউনিয়নের মো. মমিন বিশ্বাস (৩০)। তাঁদের কাছ থেকে ১০ পিস ইয়াবা ট্যাবলেট ও মাদক বিক্রির ৩৮ হাজার ৯০০ টাকা উদ্ধার করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করে দৌলতখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফকরুল ইসলাম জানান, আটক ব্যক্তিরা মাদক কারবারি ও সেবনকারী। আসামিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় নিয়মিত মামলা প্রক্রিয়াধীন আছে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৮ সেপ্টেম্বর ২০২৬ ॥ ২৫ ভাদ্র ১৪৩৩

টেকসই উন্নয়নে বাংলাদেশ-ভারত কাজ করার যথেষ্ট সুযোগ রয়েছে: দীনেশ ত্রিবেদী

কীর্তনখোলা ডেস্ক

পরিবেশ সুরক্ষা, জলবায়ু সহনশীলতা বৃদ্ধি ও টেকসই উন্নয়নে বাংলাদেশ ও ভারতের যৌথভাবে কাজ করার যথেষ্ট সুযোগ রয়েছে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। পারস্পরিক স্বার্থ ও জনগণের ৩ এর পাতায় দেখুন

সাবেক ভূমিমন্ত্রীর যুক্তরাষ্ট্রে থাকা সম্পদের তথ্য পাঠিয়েছে এফবিআই

কীর্তনখোলা ডেস্ক

সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ ও তার স্ত্রী রুকমিলা জামানের যুক্তরাষ্ট্রে থাকা স্থাবর-অস্থাবর সম্পদের তথ্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) কাছে পাঠিয়েছে মার্কিন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ফেডারেল ব্যুরো ৩ এর পাতায় দেখুন

কুয়াকাটায় ২০টি দোকানে তালা দেয়ার অভিযোগ বিএনপি নেতা-কর্মীদের বিরুদ্ধে

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকতের জিরো পয়েন্ট এলাকায় ২০টি দোকানে তালা ঝুলিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে। ভুক্তভোগী ব্যবসায়ীদের অভিযোগ, কয়েকজনকে মারধর করা হয়েছে এবং দোকানের মালামাল বাইরে ফেলে দেওয়া হয়েছে। জমির মালিকানা বিরোধকে কেন্দ্র করে রোববার সকাল ১১টার দিকে আচার, ঝিনুক ও শুঁটকি মার্কেট এলাকায় এ ঘটনা ঘটে। ব্যবসায়ীদের অভিযোগ, কুয়াকাটা পৌর বিএনপির সভাপতি আজিজ মুসুল্লি ও তাঁর ছেলে রিয়াজ মুসুল্লির নেতৃত্বে ১৫০ থেকে ২০০ জনের একটি দল মার্কেট এলাকায় যায়। পরে ব্যবসায়ীদের দোকান থেকে বের করে দিয়ে মালামাল বাইরে ফেলে দেওয়া হয়। একপর্যায়ে দোকানগুলোতে তালা ঝুলিয়ে দেওয়া ৩ এর পাতায় দেখুন

বরিশালে মাছের দাম চড়া থাকলেও সবজিতে স্বস্তি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে বেশ কিছুদিন ধরেই বিভিন্ন ধরনের মাছের দাম চড়া থাকায় কিনতে গিয়ে হিমশিম খাচ্ছে সাধারণ মানুষ। তবে সবজির দাম কম থাকায় স্বস্তি প্রকাশ করছেন ক্রেতারা। সোমবার (৭ সেপ্টেম্বর) সকালে বরিশাল নগরীর পোর্ট রোড মাছের বাজার ও বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। এদিকে নগরীর পোর্ট রোড পাইকারি মাছ বাজারে দেখা গেছে, নদীর মাছের সরবরাহ না থাকায় চাহিদা ও দাম দুটোই বেড়েছে চাষের মাছের। সপ্তাহ ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০-১৫০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে পছন্দের মাছ কিনতে না পারার আক্ষেপ ক্রেতাদের কণ্ঠে। জাহিদুল ইসলাম নামে এক ক্রেতা ৩ এর পাতায় দেখুন

ভেঙে গেছে সাঁকো, কলাগাছের ভেলাই ভরসা ৩২ পরিবারের

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জ উপজেলার রহমতপুর ইউনিয়নের খানপুরা-উত্তর রহমতপুর আশ্রয়ণ প্রকল্পের ৩২ পরিবারের চলাচলের একমাত্র বাঁশ-কাঠের সাঁকোটি ভেঙেপড়েছে। সাঁকোটি ভেঙে যাওয়ায় খাল পারাপারে চরম দুর্ভোগে পড়েছেন প্রকল্পের বাসিন্দারা। এখন বাধ্য হয়ে কলাগাছের ভেলা দিয়ে ঝুঁকি নিয়ে পারাপার করছেন তারা। আশ্রয়ণ প্রকল্পের বাসিন্দাদের উপজেলা সদরসহ আশপাশের এলাকায় যাতায়াতের অন্যতম গুরুত্বপূর্ণ পথ ছিল এই সাঁকো। এটি ভেঙে যাওয়ায় প্রতিদিন শিশু, নারী, বয়স্ক ও অসুস্থ ব্যক্তিদের ঝুঁকি নিয়ে খাল পার হতে হচ্ছে। এতে স্কুল-কলেজগামী শিক্ষার্থী, বাজারে যাওয়া মানুষ এবং জরুরি প্রয়োজনে বাইরে ৩ এর পাতায় দেখুন

দীর্ঘ ১১ বছর পর

বিএম কলেজের বার্ষিক সাময়িকী "অনুরণন" এর মোড়ক উন্মোচন

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ

দীর্ঘ ১১ বছর পর দক্ষিণাঞ্চলের ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের বার্ষিক সাময়িকী 'অনুরণন'-এর মোড়ক উন্মোচন ও শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। দীর্ঘ বিরতির পর সাময়িকীটি প্রকাশের মধ্য দিয়ে কলেজের সাহিত্য, সংস্কৃতি ও সৃজনশীল চর্চায় নতুন মাত্রা যোগ হয়েছে। শনিবার (৫ সেপ্টেম্বর) সন্ধ্যায় কলেজের কেন্দ্রীয় লাইব্রেরির দ্বিতীয় তলায় শিক্ষক সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে 'অনুরণন'-এর মোড়ক উন্মোচন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল-৫ (সদর) আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মজিবর রহমান সরোয়ার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মামুন অর রশীদ। অনুষ্ঠানে আহ্বায়ক হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর জাবের আহমেদ এবং সভাপতিত্ব করেন বিএম কলেজের ৩ এর পাতায় দেখুন

ভালো কাজের পুরস্কার পেলেন কাউখালী থানার ওসি আনোয়ার

মেহেদী হাসান, কাউখালী

পিরোজপুর জেলা পুলিশের মাসিক কল্যাণ সভায় দায়িত্ব পালনে বিশেষ অবদান এবং প্রশংসনীয় সাফল্যের জন্য সম্মাননা সনদ ও নগদ অর্থ পুরস্কার পেয়েছেন কাউখালী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আনোয়ার হোসেন। পিরোজপুর পুলিশ লাইন্স ড্রিলশেডে আয়োজিত মাসিক কল্যাণ সভার সভাপতি পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী নিজ হাতে এই পুরস্কার তুলে দেন। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে ইয়াবাসহ দুই মাদক কারবারী আটক

চরফ্যাশন প্রতিনিধি

চরফ্যাশনে ৪০ পিস ইয়াবা ট্যাবলেটসহ ২ জন মাদক কারবারীকে আটক করেছে চরফ্যাশন থানা পুলিশ। আটককৃতরা হলেন- আব্দুল্লাহপুর ৭নং ওয়ার্ডের ফজর আলী হাওলাদার বাড়ীর মৃত সাহাবউদ্দিনের ছেলে রাকিব (২৫), আব্দুল্লাহপুর ৭নং ওয়ার্ডের মৃত আনিছল হক মাঝির ছেলে মোঃ মঞ্জুর মাঝি (৪৯)। ৬ সেপ্টেম্বর গভীর রাতে চরফ্যাশন ৩ এর পাতায় দেখুন

ডাকাতির সময় ৬ জলদস্যুকে পুলিশে দিলেন জেলেরা

মনপুরা প্রতিনিধি

ভোলার মনপুরায় মেঘনায় জেলেদের ওপর হামলা করে ডাকাতি করার সময় ৬ জলদস্যুকে দেশীয় অস্ত্রসহ ধরে পুলিশে দিয়েছেন জেলেরা। সোমবার বিকাল সাড়ে ৩টায় জলদস্যুদের বিরুদ্ধে মামলা দিয়ে আদালতে সোপর্দ করে পুলিশ। এর আগে রোববার রাত ৮টায় উপজেলার হাজিরহাট ইউনিয়নের জংলারখাল এলাকাসংলগ্ন মেঘনা থেকে সংঘবদ্ধ জেলেরা দেশীয় অস্ত্রসহ জলদস্যুদের ধরে পুলিশে হস্তান্তর করেন। এ সময় জলদস্যুদের ২ ইঞ্জিনচালিত নৌকা থেকে চাপাতি ২টি, দা ৩টি, ছোড়া ১টি, লোহার পাইপ ২টি, খালি মদের বোতল ১টি ও ৪টি মোবাইল ফোন উদ্ধার ৩ এর পাতায় দেখুন

বসতঘরের পাশে পুকুরে, ডুবে প্রাণ গেলো দুই শিশুর

ভোলা প্রতিনিধি

ভোলায় বসতঘরের পাশে পুকুরের পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুরে এ ঘটনা ঘটে। নিহতরা হলো সদর উপজেলার বাপ্তা ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের মো. শফিকের ছেলে মো. আব্দুল্লাহ (৩) এবং একই উপজেলার আলীনগর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা সুমনের ছেলে আব্দুর রহমান (২)। নিহতের আব্দুল্লাহর স্বজনরা জানান, তার মাসহ পরিবারের সদস্যরা সংসারের কাজ নিয়ে ব্যস্ত ছিলেন। আব্দুল্লাহ বাগির উঠানে খেলাধুলা করছিল। একপর্যায়ে বসতঘরের পাশে পুকুরে পড়ে যায়। পরিবারের সদস্যরা দীর্ঘসময় উঠানে দেখতে না পেয়ে খোঁজাখুঁজি করেন। পরে পুকুর থেকে তাকে উদ্ধার করে ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। অন্যদিকে, আব্দুর রহমান পরিবারের অজান্তে বসতঘর থেকে বের হয় পাশে পুকুরে পড়ে যায়। পরে প্রতিবেশীরা শিশুটিকে ৩ এর পাতায় দেখুন

বাউফলে আশ্রয়ণ প্রকল্পের ঘর এখন গরুর দখলে

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে দরিদ্র ও ভূমিহীন মানুষের মাথা গোঁজার ঠাঁই হিসেবে নির্মিত আশ্রয়ণ প্রকল্পের ঘর এখন পরিণত হয়েছে গবাদি পশুর গোয়ালঘরে। দীর্ঘদিন ধরে বসবাস না করায় প্রকল্পের অধিকাংশ ঘর পড়ে রয়েছে পরিত্যক্ত অবস্থায়। কোথাও খড়কুটো, আবার কোথাও গরু-ছাগল রাখার অভিযোগ উঠেছে। এতে সরকারি অর্থে নির্মিত ঘরগুলো নষ্ট হওয়ার পাশাপাশি প্রকল্পের উদ্দেশ্য নিয়েও প্রশ্ন উঠেছে। উপজেলার কাছিপাড়া ইউনিয়নের ছত্রকান্দা এলাকায় সরেজমিন দেখা যায়, আশ্রয়ণ প্রকল্পের অধিকাংশ ঘরের দরজা-জানালা তালাবদ্ধ। কয়েকটি ঘরের ৩ এর পাতায় দেখুন

মুলাদীতে জোর পূর্বক অন্যের জমি দখল করার চেষ্টা

মুলাদী প্রতিনিধি

মুলাদীর গাছুয়া ইউনিয়নে জোর পূর্বক অন্যের জমি দখল করার চেষ্টার অভিযোগ পাওয়া গেছে। জানাগেছে, উপজেলার গাছুয়া ইউনিয়নের ঢুমুরতলা গ্রামের আঃ মজিদ এর মৃত্যুতে তার রেকর্ডিও সম্পত্তির মালিক হন ছেলে ইসমাইল বেপারী ও ৫ কন্যা। ইসমাইল বেপারীর মৃত্যুতে পৈত্রিক সুত্রে মালিক হন তার পুত্র মৃত শাজাহান, শাহ জয়নাল, দেলোয়ার, মোহাম্মদ হোসেন, কন্যা ৩ এর পাতায় দেখুন

গৃহবধূকে ধর্ষণচেষ্টা, আসামির ৭ বছরের কারাদণ্ড

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় এক গৃহবধূকে ধর্ষণের চেষ্টার মামলায় আলমগীর হোসেন (৪৮) নামে এক ব্যক্তিকে ৭ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাকে ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুরে পিরোজপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মেহেদী আল মাসুদ এ রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাপ্ত আলমগীর হোসেন মঠবাড়িয়া উপজেলার কচুবাড়িয়া এলাকার বাসিন্দা। রায় ঘোষণার সময় তিনি ৩ এর পাতায় দেখুন

বরিশালে পিজিসিবি শ্রমিক কর্মচারী ইউনিয়নের শাখা কমিটি গঠন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) শ্রমিক কর্মচারী ইউনিয়ন সিবিএ (রেজি. নং-২০৯৫)-এর বরিশাল শাখার নতুন কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার সকাল সাড়ে ৯টায় পিজিসিবি পিএলসি, বরিশালের জিএমডি কার্যালয়ের কনফারেন্স রুমে এ সভা অনুষ্ঠিত হয়। পবিত্র কোরআন থেকে তিলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। পরে ঢাকা থেকে আগত কেন্দ্রীয় নির্বাহী কমিটির ৩ এর পাতায় দেখুন

পুকুরে মাছ ধরতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃত্যু

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে পুকুরের পানি সেচে মাছ ধরার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বিপ্লব পাটিকর (২৭) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার (৭ সেপ্টেম্বর) সকালে উপজেলার শুক্তাগড় ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের সাংগর এলাকায় এ ঘটনা ঘটে। নিহত বিপ্লব পাটিকর ওই এলাকার নির্মল পাটিকরের ছেলে। বিষয়টি নিশ্চিত করেছেন রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুজন বিশ্বাস। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার সকালে বিপ্লব পাটিকরসহ ৪ থেকে ৫ জন একটি পুকুরের পানি সেচে মাছ ধরার উদ্দেশে বৈদ্যুতিক জগ মেশিন ব্যবহার করছিলেন। এ সময় অসাবধানতাবশত বিপ্লব বিদ্যুৎস্পৃষ্ট হন। পরে সাথে থাকা লোকজন দ্রুত তাকে উদ্ধার করে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে বিপ্লবকে মৃত ঘোষণা করেন। খবর পেয়ে রাজাপুর থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুজন বিশ্বাস জানান, পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই ৩ এর পাতায় দেখুন

স্যানিটারি ইন্সপেক্টরের সাইনবোর্ড ব্যবহার আগৈলঝাড়ার চাঁদাবাজ সুকলাল এখন বরিশালে

কীর্তনখোলা রিপোর্ট

চাঁদা তোলাই যেন তার নেশা আর পেশা। দীর্ঘ দুইযুগ একই কর্মস্থলে কর্মরত থেকে দু'হাতে তুলেছেন লাখ লাখ টাকার চাঁদা। অতিষ্ঠ ছিলেন হাজার হাজার ব্যবসায়ী। গত একমাস যাবত স্বস্তির নিঃশ্বাস নিয়ে ব্যবসা করছেন বরিশালের আগৈলঝাড়া উপজেলার ব্যবসায়ীরা। তারা জানিয়েছেন, আগৈলঝাড়া উপজেলার সদ্য বিদায়ী স্যানিটারি ইন্সপেক্টর সুকলাল সিকদারের চাঁদাবাজিতে দীর্ঘ দুইযুগ অতিষ্ঠ ছিলেন তারা। নির্ধারিত অংকে মাসিক চাঁদা দিয়ে ব্যবসাপ্রতিষ্ঠান পরিচালনা করতে হতো। এমনকি বিভিন্ন স্থানে বাৎসরিক মেলায় চাঁদা তুলতেন দু'হাতে। জানা গেছে, গতবছরের ফেব্রুয়ারি মাসে আগৈলঝাড়া উপজেলায় 'মোনাই পাগলের মেলায়' ছোট ছোট মিষ্টির দোকান থেকে অবৈধভাবে চাঁদা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে, বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com